পরমচমৎকারি তদদ্ভুতমাধুরীণত্বং তথা তাদৃশমাধুরীকত্বং পরমৌদার্য্যঞ্চানুভূয় স্বান্তঃকরণে তৎপাদাম্বুজধ্যানমাশাস্তে। কান্ত্যা নিন্দিতেত্যাদি। এবম্ভূতো গৌরহরির্ম্মমান্তঃকরণে কোটিজন্মুষামসংখ্য জন্মনাং সম্বন্ধিভিঃ প্রতিপাদ্যৈর্ভাগ্যৈঃ পুণ্যৈঃ সাধনবিশেষৈঃ কৃত্বা পদং নিজপাদপদ্মং ধাস্যতি অর্পয়িষ্যতি কিমিতি শেষঃ। জন্মুষামিতি প্রতিপাদ্য প্রতিপাদক সম্বন্ধে ষষ্ঠী কিম্ভূতঃ কান্ত্যা কমনীয় রূপলাবণ্যেন নিন্দিতা তিরস্কৃতাঃ কোটি কোটি মদনাঃ কন্দর্পা যেন সঃ। যদ্যপি মদনস্যৈকত্বমেব ন তু বহুত্বং তথাপি কবিপ্রৌঢ়োক্ত্যা সর্ব্বত্রৈবং প্রয়োগঃ সিদ্ধঃ কোটিকন্দর্পলাবণ্যঃ।

মনোহর অরুণ বসন ধারণ করিয়াছেন, আর যিনি শ্রীঅঙ্গের কান্তি দ্বারা কোটি কোটি বিদ্যুৎকে তিরস্কৃত করিতেছেন, সেই পরম দয়ালু অসাধারণ দেব আমার প্রিয় হউন ॥ ৭৩ ॥

যাঁহার কমনীয় রূপ লাবণ্য দ্বারা কোটি কোটি কন্দর্প তিরস্কৃত হইতেছে, যাঁহার মুখচন্দ্রের ছটায় শরৎকালীন উদয়শীল কোটি কোটি চন্দ্র মলিন হইতেছে, এবং যাঁহার

ঔদার্য্যেণ চ কোটিকোটিগুণিতং কল্পদ্রুমং হ্রল্পয়ন্
গৌরো মে হৃদি কোটিকোটিজনুষাং ভাগৈঃ পদং ধাস্যতি॥ ৭৪
অন্তর্ধ্বান্তচয়ং সমস্তজগতামুন্মূলয়ন্তী হঠাৎ
প্রেমানন্দরসাম্বুধিং নিরবধি প্রোদ্বেলয়ন্তীবলাৎ।

কোটীন্দুমধুরত্যুতিরিতি। সুদুর্দ্দর্শং হরেশ্চক্রং সূর্য্যকোটিসমপ্রভমিত্যাদি। যদি কোটিসংখ্যা অসংখ্যা ৰা কন্দর্পা ভবন্তি চেত্তথাপি নিন্দিতাঃ কিং পুনরেক এব। এবং চন্দ্রাদৌ দ্রষ্টব্যং। পুনঃ কিম্ভূতঃ শ্রীমন্মুখেন্দুচ্ছটেত্যাদি। শ্রীমতঃ পরমশোভাবতঃ মুখচন্দ্রস্য ছটাভিরুচ্ছলিত কান্তিভির্ব্বিচ্ছায়ীকৃতঃ মলিনীকৃতঃ। কোটি কোটি সংখ্যা শরৎসম্বন্ধিরুদয়ং প্রাপ্নুবন্ তুষারচ্ছবি-শ্চন্দ্রো যেন সঃ। পুনঃ কীদৃক্ ঔদার্য্যেণ পরমদাতৃত্বেন কোটিকোট্যাগুণিতং পরাবৃত্ত্যা সংখ্যাতং কল্পদ্রুমং হি নিশ্চিতমল্পয়ন্। আপামরাযাচিতপ্রেম দাতৃত্বাৎ॥ ৭৪॥ অগণ্যবিধুজিদ্বক্ত্রো দ্যুতি নিন্দিস্মরাযুতঃ। কোটিকল্প তরোর্দ্দাতা গৌরঃ কিং ধাস্যতে পদং॥ মে হৃদীতি শেষঃ॥ ৭৪॥

পুনশ্চন্দ্ররূপকত্বেনাত্মনি তদ্দীপ্তি প্রাকট্যমাশাস্তে। অন্তর্ধ্বান্তচয়মিত্যাদি। সা চৈতন্যচন্দ্রস্য ছটাঽস্মাকং হৃদয়ে চকিতং ক্ষণমাত্রমিতি যাবৎ চ কাস্ত প্রকটীভবতু। যা সমস্তজগতা মন্তর্ধ্বান্তানামজ্ঞানতমসাং চয়ং সমূহ মুন্মূলয়ন্তী সমূলং বিনাশয়ন্তী হঠাৎ বলাৎকারেণ অন্যাপি বাহ্যতমো-বিনাশিনী। যাচ প্রেমেত্যাদি। প্রেম্নো য আনন্দরসঃ সুখবিশেষঃ স

বদান্যতায় কোটি কোটি কল্প বৃক্ষ খর্ব্ব হইতেছে, সেই গৌর হরি কি আমার অন্তঃকরণে কোটি কোটি জন্মার্জিত পুণ্য ফল দ্বারা পদার্পণ করিবেন॥ ৭৪॥

শ্রীচৈতন্যের যে ছটা বল পূর্ব্বক সমস্ত জগতের আন্ত-রিক তমঃ সমূহকে সমূলে বিনাশ করিতেছে, প্রেমানন্দ রস-ময় সমুদ্রকে নিরবধি উচ্ছলিত করিতেছে এবং নিরন্তর

বিশ্বং শীতলয়ন্ত্যতীব বিকলং তাপত্রয়েণানিশং
সাস্মাকং হৃদয়ে চকাস্তু চকিতং চৈতন্যচন্দ্রচ্ছটা ॥ ৭৫ ॥
ক্ষণং ক্ষীণঃ পীনঃ ক্ষণমহহ সাশ্রুঃ ক্ষণমথ
ক্ষণং স্মেরঃ শীতঃ ক্ষণমনলতপ্তঃ ক্ষণমপি।

এবাম্বুধি স্তং নিরবধি অবধিশূন্যং যথা স্যাৎ প্রোদ্বেলয়ন্তী বেলামতিক্রামন্তী অন্যাপি সমুদ্র মুদ্বেলয়তি। যাচ তাপত্রয়েণাধিদৈবিকেনাধ্যাত্মিকেনাধিভৌতিকে নানিশং নিরন্তরং অতীববিকলং অতিশয় পীড়িতং বিশ্বং শীতলয়ন্তী। অন্যাপি রবিতাপতপ্তং জগচ্ছীতলী করোতি ॥ ৭৫ ॥ জগদন্তস্তমোহন্ত্রী প্রেমাম্বুধিবিবর্দ্ধিনী। চকাস্তু হৃদয়েঽস্মাকং শ্রীগৌরাঙ্গবিধুচ্ছটা ॥ ৭৫

ইদানীং লৌকিকপরমোড্ডটানুভাববিশিষ্ট ভগবদ্গৌর দেহস্ফূর্ত্তিমাশাস্তে ক্ষণং ক্ষীণঃ পীন ইত্যাদি। ভগবতঃ কৃষ্ণস্য গৌরদেহো মম হৃদয়ে স্ফুরতু প্রকটীভবতু কিম্বিশিষ্টস্ত্বনুভাববৈশিষ্ট্যমাহ ক্ষণমিত্যাদি। ক্ষণমভিব্যাপ্তৌ দ্বিতীয়ক্ষণমভিব্যাপ্যেত্যর্থঃ। ক্ষীণঃ কৃশতাং প্রাপ্তো বিরহিণীভাবমগ্নত্বাৎ। পুনঃ শ্রীকৃষ্ণ স্ফূর্ত্যা সাক্ষাৎ ক্ষণং পীনঃ পুষ্টতাং প্রাপ্তঃ। অতঃ ক্ষণং সাশ্রুরানন্দস্যন্দমানাশ্রুভিঃ সহ বর্ত্তমানঃ। অহহ নত্বানন্দাশ্রুসরণমিতি কথমবগতমত্রাহ ক্ষণং শীতঃ পূর্ব্বং বিরহতাপেন তপ্ত আসীদিদানীং তৎস্ফূর্ত্যা শীতলঃ। অতএব অথানন্তরং ক্ষণং স্মেরঃ পরিহাসপ্রযুক্তেষদ্ধাস্যেন বিকশিতগণ্ডঃ পুনঃ প্রেমবৈচিত্র্যলক্ষণেনানলতপ্তঃ। প্রেমবৈচিত্র্যলক্ষণং যথা প্রিয়স্য সন্নিকর্ষেপি প্রেমোৎকর্ষ স্বভাবতঃ। যা বিশ্লেষধিয়ার্ত্তি স্তৎ প্রেমবৈচিত্র্যমুচ্যতে ॥ সন্নিকর্ষোৎকৃষ্টেপি শ্রীকৃষ্ণে ক গত ইতি বুদ্ধ্যা বিরহানলেন তপ্তঃ পুনঃ

আধ্যাত্মিকাদি তাপত্রয়ে তাপিত জগৎকে শীতল করিতেছে, সেই ছটা আমাদের হৃদয়ে ক্ষণমাত্র প্রকাশিত হউক ॥ ৭৫ ॥

ক্ষণকাল ক্ষীণভাব, ক্ষণকাল স্থূলভাব, ক্ষণকাল আনন্দাশ্রু পরিপূর্ণ, ক্ষণকাল হাস্যমুখ, ক্ষণকাল শীতল, ক্ষণকাল

ক্ষণং ধাবন্ স্তব্ধঃ ক্ষণমধিকজল্পন্ ক্ষণমহো
ক্ষণং মূকোগৌরঃ স্ফুরতু মম দেহো ভগবতঃ ॥ ৭৬ ॥
পাত্রাপাত্রবিচারণাং ন কুরুতে নস্বস্পরস্বীক্ষতে
দেয়াদেয়বিমর্শকো নহি নবা কালপ্রতীক্ষঃ প্রভুঃ।

পলায়মানমিব তং দৃষ্ট্বা ধৃতোঽসি ধৃতোসীত্যুক্ত্বা ধাবন্ বেগেন দ্রুতং গচ্ছন্ পুনঃ ক্ষণং স্থানান্তরং গত্বা কৃষ্ণেন স্পৃষ্টেব স্ফূর্ত্ত্যা হর্ষামর্ষাভ্যাং স্তব্ধঃ। ততঃ ক্ষণমধিকজল্পন্ অধিকৈঃ অনুচিতৈর্ব্বাক্যৈ রেরে লম্পটগুরো হেঽনব স্থিতাস্থিরচিত্ত হা প্রেমশূন্যহৃদয় হা সতীব্রতধ্বংসন মাং মাস্পৃশ ইতো দূরী ভবেত্যাদি গদ্গদাদিযুক্তৈ র্ভৎসয়ন্ ততঃ ক্ষণং মূকঃ অয়ি প্রাণেশ্বরি ক্ষমস্ব এবং ক্বচিদপি ময়া ন কর্ত্তব্যং তবাশ্রয়োঽহমিতি বিনয়াদিনোক্তে ইতি স্ফূর্ত্ত্যা মানস মুদ্রাব্যঞ্জনমৌনাবলম্বীত্যর্থঃ ॥ ৭৬ ॥ অনুভাবাদিভাবানাং সার-ল্যোদয়শান্তিভাক্। ভাবমুদ্রেক্ষিতোগৌরো হরিঃ স্ফুরতু মে হৃদি ॥ ৭৬ ॥

বিহিতাবিহিতযোগ্যাদিনিরপেক্ষতয়াতিদুর্ল্লভনিগূঢ়প্রেমদাতৃত্বেন পরমং কারুণ্যং ব্যঞ্জয়ন্ তস্যৈব পদাম্বুজসেব্যত্বনিষ্ঠাং দর্শয়তি। পাত্রাপাত্রেত্যাদি স এব গৌরো ভগবান্ পরং কেবলং মে মম গতির্গম্যঃ সেবনীয়ঃ নান্য ইত্যর্থঃ। যঃ পাত্রাপাত্রাদিবিশেষণৈ র্ব্বিশিষ্টঃ সদ্যস্তৎক্ষণাদ্ভক্তিরসং দত্তে ভক্তিরসং কিম্ভূতং শ্রবণেক্ষণ প্রণমনধ্যানাদিসাধনৈ দুর্ল্লভং। শ্রবণ শ্রীমদ্ভাগবতাদেরীক্ষণং শ্রীজগন্নাথাদেঃ প্রণমনং দণ্ডবৎ প্রণামধ্যানং শ্রীকৃষ্ণ

পরিতপ্ত, ক্ষণকাল ধাবমান্, ক্ষণকাল স্তম্ভিত, ক্ষণকাল বহু-ভাষী এবং ক্ষণকাল মৌনাবলম্বী এই রূপ শ্রীকৃষ্ণের গৌর-দেহ আমার হৃদয়ে স্ফুরিত হউক ॥ ৭৬ ॥

যে প্রভু পাত্রাপাত্র বিচার, আত্ম পর দৃষ্টি, দেয়াদেয় বিচার এবং কালাকাল প্রতীক্ষা কিছুমাত্র না করিয়া শ্রবণ, দর্শন, প্রণাম ও ধ্যানাদি দ্বারা দুর্ল্লভ যে ভক্তি রস ক্ষণমাত্রে

সদ্যো যঃ শ্রবণেক্ষণ প্রণমন ধ্যানাদিনা দুর্ল্লভং
দত্তে ভক্তিরসং স এব ভগবান্ গৌরঃ পরং মে গতিঃ॥৭৭
পাপীয়ানপি হীনজাতিরপি দুঃশীলোঽপি দুষ্কর্ম্মণাং
সীমাপি শ্বপচাধমোঽপি সততং দুর্ব্বসনাঢ্যোপি চ।

লীলাগুণচিন্তনং এতান্যাদীনি যেষাং তৈরেতেষাং সাধনত্বেন ভক্তিরসমিত্যত্র ভক্তিঃ প্রেম লক্ষণা জ্ঞেয়া তেন প্রেম ভক্তিরসমিত্যর্থঃ। নম্নু দেয়াদেয়াদিবিচারমকৃত্বা কথং দত্তে তত্রাহ প্রভুঃ স্বতন্ত্রেশ্বরঃ। ভগবদ্ভক্তিদানাদানে পাত্রাপাত্রবিচারো দেয়াদেয়পরামর্শঃ স্বপরেক্ষণং কালাকাল প্রতীক্ষণঞ্চ নাস্তীতি সূচিতং বিশেষতো ভগবদুপাসনেতরে কালাকালাদিবিচারঃ। ভগবদুপাসনে কালা কালাদিবিলম্বে ক্ষণভঙ্গুরদেহপাতেঽনর্থপাতঃ স্যাৎ ইতরেতু কর্ম্মাদৌ কালাদিদোষেণ যদি ছিদ্রাদি স্যাৎ তদা ভগবন্নামাদিনাঽচ্ছিদ্রং ভবতি তদুপাসনস্য কোবা কালাদিদোষঃ। অচ্ছিদ্রং যথা মন্ত্রতস্তন্ত্রতশ্ছিদ্রং দেশকালার্হ বস্তুতঃ। সর্ব্বং করোতি নিশ্ছিদ্রং নামসঙ্কীর্ত্তনং হরেঃ॥ পাত্রস্বপরকালাদি নিরপেক্ষী সুদুর্লভং। দত্তে প্রেমরসং যে বৈ স মে গৌরহরির্গতিঃ॥ ৭৭॥

শ্রীচৈতন্যস্য নীচাতিনীচ দুর্গতাদিতারকত্বেন পরমকারুণ্যবত্বং প্রকাশয়ন্ স্বাশ্রয়নিষ্ঠামাহ। পাপীয়ানিত্যাদি। যেন গৌরহরিণা কৃপয়া এবং ভূতো জন উদ্ধৃতঃ স্বপদারবিন্দ মধুর প্রেমরসাস্বাদনয়া আত্মসাৎ কৃত স্তমেবাশ্রয়ে কিংভূতো জনস্তত্রাহ পাপীয়ানিত্যাদি। অতিশয় পাপবান্ কুষ্ঠী ব্রাহ্মণ

প্রদান করেন, সেই ভগবান্ গৌরহরিই কেবল আমার গতি, তদ্ভিন্ন কেহ নহে॥ ৭৭॥

অতি পাতকী নীচ জাতি, দুরাত্মা, দুষ্কর্ম্মশালী, চণ্ডাল, সতত দুর্ব্বাসনা রত, কুস্থান জাত, কুদেশবাসী ও অসৎ সংসর্গী ইত্যাদি সমস্ত নষ্ট [illegible] যিনি কৃপা করিয়া

দুর্দ্দেশপ্রভবোপি তত্র বিহিতা বাসোপি দুঃসঙ্গতো
নষ্টাহপ্যুদ্ধৃত এব যেন কৃপয়া তং গৌরমেবাশ্রয়ে ॥ ৭৮

কলিন্দতনয়াতটে স্ফুরদমন্দবৃন্দাবনং
বিহায় লবণাম্বুধেঃ পুলিনপুষ্পবাটীং গতঃ।

ইত্যাদি হীনজাতিঃ সৌচিক যবনোহপি। দুঃশীলো রেমুণাস্থ ঘট্টাধিকার বানপি। দৃষ্টানি পরদারহরণব্রহ্মস্বহরণসুরাপান স্বর্ণচৌর্য্যাদীনি কর্ম্মাণি যেষাং সীমাপরিণামি জগাই মাধাই খ্যাত ব্রাহ্মণবন্ধুদ্বয়মপি অতএব তৎকর্ম্মণাং প্রায়শ্চিত্তমপি নাস্তি। যতঃ সততং দুর্ব্বাসনাঢ্যোপি দুর্ব্বাসনয়া তত্তৎকর্ম্মণি নিরতোপি অতঃ শ্বপচাধমোপি শ্বপচানাং বরং নিষ্কৃতি রস্তি তদ্দ্বয়স্য নিষ্কৃতি র্নাস্তীত্যর্থঃ। দুষ্টৈর্দ্দস্যুভিরাক্রান্তো দেশো দুর্দ্দেশস্তত্র প্রভবো জনির্যস্য সোহপি। ননু দুর্দ্দেশজনির্যদি পুণ্যদেশকৃতাবাসঃ স্যাত্তর্হি কিং তত্রাহ তত্র বিহিতাবাসোপি তত্র দুষ্কর্ম্ম নিমিত্তোবিহিত আবাসো যেন সোপি। এতৈ রুপলক্ষিতৈরন্যেপ্যুদ্ধৃতা ইতি জ্ঞেয়ং ॥ ৭৮ ॥ নীচাতিনীচ পাপিষ্ঠা দুষ্টানষ্টা শ্চদুর্জ্জনাঃ। যেনোদ্ধৃতা স গৌরাঙ্গো হরিরেবাশ্রয়ো মম ॥৭৮

স্বয়ং ভগবান্ ব্রজরাজনন্দন এব গৌরাঙ্গোহবতার ইতি প্রতিপাদক তদ্দেশাদিপরিবর্ত্তনোক্ত্যাত্মনস্তদ্গাতিত্বমাহ। কলিন্দেতি। এবংভূতো হরি র্মে গতির্গমনীয়ত্বেন প্রাপ্যোহস্তু কিংভূতঃ কলিন্দপর্ব্বতস্য তনয়া পৃথিব্যামুৎপন্নায়াঃ। কলিন্দগিরিরেব প্রথমোপলম্ভনস্থানমত এব তৎকন্যা

উদ্ধার করিয়াছেন, আমি সেই শ্রীগৌরহরিরই আশ্রয় গ্রহণ করিলাম ॥ ৭৮ ॥

যিনি যমুনা তীরবর্ত্তি সুরম্য বৃন্দাবন পরিত্যাগ করিয়া লবণ সমুদ্রের তীরস্থ পুষ্প বাটিকায় গমন করিয়াছেন, যিনি পীত বসন পরিত্যাগ করিয়া রক্ত বসন ধারণ করিয়াছেন এবং যিনি নিজ ইন্দ্রনীলমণি বিড়ম্বিনী কান্তি পরিত্যাগ

শ্বেতারুণপটঃ পরীহৃত সুপীতবাসা হরি
স্তিরোহিত নিজচ্ছবিঃ প্রকট গৌরিমা মে গতিঃ ॥ ৭৯ ॥
অথ লোকশিক্ষা ॥
অরে মূঢ়া গূঢ়াং বিচিনুত হরের্ভক্তিপদবীং
দবীয়স্যা দৃষ্ট্যাপ্যপরিচিতপূর্ব্বাং মুনিবরৈঃ।

যমুনা তস্যাস্তটে তীরে প্রকাশমানমুৎকৃষ্টং যদ্বৃন্দাবনং তদ্বিহায় লবণসমুদ্রস্য তটে স্থিতাং পুষ্পবাটীং গতঃ। ত্যক্তং শোভনং পীতং বাসো যেন সঃ। অথচ শ্বেতারুণ পটঃ। তিরোহিতান্তর্দ্ধাপিতা নিজা ইন্দ্রনীলমণি বিড়ম্বিনী ছবিঃ কান্তির্যেন সঃ। অথচ প্রকটঃ প্রকটীকৃতো গৌরিমা যেন সঃ ॥ ৭৯ ॥ রাধিকারূপমাসাদ্য তিরোহিতনিজচ্ছবিঃ। পরিবর্ত্তিতলীলাদি গতি গৌর হরির্ম্মম ॥ ৭৯ ॥

॥ * ॥ ইতি শ্রীচৈতন্যচন্দ্রামৃতে রসিকাস্বাদিন্যাং স্বনিষ্ঠা প্রকরণো নাম সপ্তমোবিভাগঃ ॥ ৭ ॥ * ॥

কলৌ শ্রীকৃষ্ণচৈতন্য এবোপাস্য স্তদাশ্রয়ং বিনা কলিদোষবারিধিতরণ সৎসিদ্ধান্তকৃতানি গূঢ়প্রেমভক্তি লাভাদয়ো ন ভবন্তীতি তচ্চরণভজনে লোকান্ প্রবর্ত্তয়িতুং প্রকরণমারভতে বিংশতিপদ্যৈরথ শিক্ষেতি। তত্র প্রথমং পরমপুরুষার্থ গূঢ়ভক্তিলাভো গৌরহরিচরণশরণং বিনা ন ভবতীতি

করিয়া গৌরকান্তি ধারণ করিয়াছেন, সেই শ্রীগৌরহরিই আমার গতি ॥ ৭৯ ॥

অথ লোকশিক্ষা ॥

অরে মূঢ় সকল! অতি গূঢ় এবং দূরবর্ত্তী অদৃষ্ট বশতঃ ব্যাসাদি মুনি জন কর্ত্তৃক পূর্ব্বে অপরিচিত হরির যে ভক্তি-মার্গ তোমরা তাহার অনুসন্ধান কর, সেই অতি দুর্ল্লভ বস্তু কি প্রকারে লাভ হইবে এ রূপ যদি তোমাদের চিত্তে অবি-

নবিশ্রস্তশ্চিত্তে যদি যদি চ দৌর্লভ্যমিব তৎ
পরিত্যজ্যাশেষং ব্রজত শরণং গৌরচরণং ॥ ৮০ ॥
দধন্মূর্দ্ধন্যূর্দ্ধং মুকুলিতকরাম্ভোজযুগলং
গলন্নেত্রাম্ভোভিঃ স্নপিতমৃদুগণ্ডস্থলযুগং।
দুকূলেনাবীতং নবকমলকিঞ্জল্করুচিনা

তচ্চরণশরণং প্রবর্ত্তয়তি। অরে মূঢ়া গূঢ়েত্যাদি। অরে মূঢ়া হরেঃ পরম মনোহর স্য শ্রীকৃষ্ণস্য সম্বন্ধিনীং ভক্তেঃ পদবীং মার্গং বিচিনুত অনুসন্ধত্ত। ননু প্রসিদ্ধায়াং তস্যাং কথমনুসন্ধধীমহি তত্রাহ গূঢ়াং শ্রুত্যাতিগুপ্তাং। অতএব মুনিবরৈর্দবীয়স্যা দূরপ্রচারিণ্যা দৃষ্ট্বাপ্যপরিচিতপূর্ব্বাং পূর্ব্বং ন পরিচিতা অপরিচিত পূর্ব্বা তাং তস্যা গূঢ়ত্বে যদি যুষ্মাকং চিত্তে ন বিশ্বাসঃ। যদি চ তস্যা দৌর্লভ্যমিব অন্যেষ্বেতত্তদশেষং সর্ব্বং পরিত্যজ্য গৌরহরিচরণং শরণং ব্রজত। শ্রীগৌরহরিচরণশরণাগততায় তস্যা গূঢ়তা জ্ঞান পূর্ব্বকলাভো ভবিষ্যত্যেবেত্যর্থঃ ॥ ৮০ ॥ শ্রুতিগূঢ়মহাভক্তৌ দুর্লভ্যায়াং মুনীশ্বরৈঃ। প্রবেশয় বিশত্ত শ্রীগৌরাঙ্গপদপঙ্কজং ॥ ৮০ ॥

তৎপরিচায়ক রূপমাধুরীং বর্ণয়িত্বা প্রণময়তি। দধন্মূর্দ্ধনীত্যাদি ॥ অরে লোকাঃ পরং সর্ব্বোৎকৃষ্টং গৌরং জ্যোতির্ব্রহ্ম প্রণমত দণ্ডবৎ সাষ্টাঙ্গ প্রণিপাতেন তদাশ্রয়ত কিম্ভূতং কনকরুচি চৌরং তপ্তকাঞ্চনদ্যুতি পূরখণ্ডকং পুনঃ কিম্ভূতং মুকুলিতং অঞ্জলিবদ্ধং যৎ করাম্ভোজযুগলমূর্দ্ধং মূর্দ্ধ্নি দধৎ। গলদ্ভির্নেত্রাম্ভোভিঃ স্নপিতং মৃদুলয়োর্গণ্ডস্থলয়োর্যুগং যস্য তৎ নবকমল-

---

শ্বাস হয় তাহার উপায় বলি শ্রবণ কর, সর্ব্বস্ব পরিত্যাগ করিয়া সেই শ্রীগৌরহরির চরণে শরণাগত হও ॥ ৮০ ॥

যিনি মস্তকোপরি অঞ্জলি বদ্ধ হস্ত পদ্ম যুগল ধারণ করিয়াছেন, যিনি বিগলিত নেত্র জল সমূহে গণ্ড স্থল যুগল প্লাবিত করিতেছেন এবং যিনি নব কমল কেশরের ন্যায়

পরং জ্যোতি র্গৌরং কনকরুচিচৌরং প্রণমত ॥ ৮১ ॥
ভ্রাতঃ কীর্ত্তয় নাম গোকুলপতেরুদ্দামনামাবলীং
যদ্বা ভাবয় তস্য দিব্যমধুরং রূপং জগন্মঙ্গলং।
হন্ত প্রেম মহারসোজ্জ্বলপদে নাশাপি তে সম্ভবেৎ

কিঞ্জল্কানাং রুচির্যত্র তেন দুকূলেনাবীতং শোভিতং শোভিতমধ্যদেশং এবংভূতং গৌরদেহং ব্রহ্ম ভজতেতি লোকশিক্ষা ॥ ৮১ ॥ শিরোহঞ্জলিগলন্নেত্রং বিভ্রচ্ছোণবরাম্বরং। তপ্তকাঞ্চনগৌরাঙ্গং প্রণমন্ত মহঃ পরং ॥ ৮১ ॥

ব্রজরাজকিশোরস্য নামসংকীর্ত্তন মধুররূপধ্যানাদি সত্বেপি শ্রীচৈতন্য-কৃপাদৃষ্টিং বিনা তদুজ্জ্বলপ্রেমভক্তিরসবিষয়ে আশাসম্ভাবনাপি নাস্তীত্যাহ। ভ্রাতঃ কীর্ত্তয় নামেত্যাদি। অয়ে ভ্রাতর্গোকুলপতে র্ব্রজরাজনন্দনস্য উদ্দাম্নী পরমপ্রভাববতী যা নামশ্রেণী তাং নাম প্রাকাশ্যং যথা স্যাত্তথা কীর্ত্তয় লক্ষ লক্ষং কৃত্বা বোচ্চার্য্যতাং যদ্বা তস্য গোকুলপতে র্দিব্যং দেদীপ্যমানং মধু মাস্বাদনীয়ং স্বত এব জগন্মঙ্গলং যস্মাদেবম্ভূতং রূপং ভাবয় চিন্তয়। কি শ্রীচৈতন্যমহাপ্রভোঃ কৃপাদৃষ্টি র্যদি ত্বয়ি ন পতেত্তর্হি প্রেমমহারসোজ্জ্বলপ তে তব আশাপি ন সম্ভবেৎ। প্রেম্না মহান্ সর্ব্বোৎকৃষ্টোরসো যত্র উজ্জ্ব তস্য পদে বিষয়ে। শৃঙ্গারঃ শুচিরুজ্জ্বল ইত্যমরঃ ॥ ৮২ ॥ শ্রীচৈতন্যকৃপারূপ

অরুণ বসন ধারণ করিয়াছেন সেই পরম ব্রহ্ম স্বর্ণবর্ণ গৌর হরিকে প্রণাম কর ॥ ৮১ ॥

হে ভ্রাতঃ! তুমি ব্রজরাজ নন্দনের পরম প্রভাব বিশিষ্ট নামাবলী উচ্চৈঃস্বরে কীর্ত্তনই কর অথবা তাঁহার জগন্মঙ্গ স্বরূপ মনোহর মধুর মূর্ত্তি চিন্তাই কর, কিন্তু যদি তোমাতে শ্রীচৈতন্য মহাপ্রভুর কৃপাদৃষ্টি পতিত না হয়, হায় তাহা হইলে সেই মহা প্রেমরসোজ্জ্বল বিষয়ে তামা

শ্রীচৈতন্যমহাপ্রভো র্যদি কৃপাদৃষ্টিঃ পতেন্ন ত্বয়ি ॥ ৮২ ॥
অয়ে ন কুরু সাহসং তব হসন্তি সর্ব্বোদ্যমং
জনাঃ পরিত উন্মদা হরিরসামৃতাস্বাদিনঃ।
ইদন্তু নিভৃতং শৃণু প্রণয়বস্তু প্রস্তূয়তে

দৃষ্টিস্ত্বয়ি পতেন্নহি। ধ্যানাদিনাপি কৃষ্ণস্য নাশাপ্রেমোরসোজ্জ্বলে ॥ ৮২ ॥

ননু গুরুভিরুপদিষ্ট নানা শ্রুত্যাগম বিহিত বহুবিধ সাধনাচরিতত্বেন কৃতার্থঃ স্যাৎ কিং তৎকৃপাদৃষ্ট্যেত্যত আহ। অয়ে ন কুরু সাহসমিত্যাদি। অয়ে সাহসং ন কুরু চৈতন্যপাদাশ্রয়ং বিনান্য সাধনেষু সহসা ন প্রবর্ত্তস্ব জনা শ্চৈতন্যভক্তাস্তব সর্ব্বোদ্যমং হসন্তি যতস্তে হরিরসামৃতাস্বাদিনঃ। হরেঃ স্বান্তহরণ শীলস্য শ্রীকৃষ্ণস্য ভক্তিরস এবামৃতং তদাস্বাদনশীলাঃ অতএব সর্ব্বতোভাবেনোদ্গতো মুদো হর্ষো যেষাং তে। ননু তর্হি কিং কর্ত্তব্যমুপদিশন্তু স্বামিপাদা স্তত্রোপদেশরূপ সিদ্ধান্তমাহ। ইদন্ত্বিত্যাদি। নিভৃতমতিগোপ্যমিদং শৃণু। অত্র ভিন্নক্রমনিয়মে ইদমেবাশ্রয়িতব্যমিত্যর্থঃ। তৎকথয়তি প্রণয়েত্যাদি। নিগমেষু যদেব প্রণয়বস্তু প্রস্তূয়তে তস্য বস্তুনঃ পতিঃ পরং কেবলং গৌরহরিরেব। অতএব তচ্চরণাশ্রিতত্বেন সর্ব্বং তে ভবিষ্যতীতি তদ্গণে প্রবিশ্য তচ্চরণমাশ্রয়েতি শিক্ষা ॥ ৮৩ ॥
তবান্যচেষ্টনে গৌরভক্তা অথ হসন্তি হি। শ্রুত্যাগম চরদ্বস্তু পতিং গৌরাঙ্গ

আশাও সম্ভব নহে ॥ ৮২ ॥

অয়ে ভ্রাতঃ! শ্রীচৈতন্য পদাশ্রয় ব্যতিরেকে অন্য সাধন সকলে সাহস করিও না অর্থাৎ সেই সকলে সহসা প্রবৃত্ত হইও না, যে হেতু চৈতন্য ভক্তগণ, যাঁহারা সর্ব্বতোভাবে প্রেমোদ্গত হর্ষতা জন্য হরিরসামৃতের আস্বাদনকারী তাঁহারা তোমার সর্ব্বপ্রকার উদ্যম দেখিয়া হাস্য করিবেন, সম্প্রতি যাহা বলি নির্জনে শ্রবণ কর, বেদাদি শাস্ত্রে যাঁহাকে

যদেব নিগমেষু তৎ পতিরয়ং হি গৌরঃ পরং ॥ ৮৩ ॥
জ্ঞানাদিবর্ত্ম বিরুচিং ব্রজনাথভক্তি
রীতিং নবেদ্মি নচ সদ্গুরবো মিলন্তি।
হা হন্ত হন্ত মম কঃ শরণং বিমূঢ়
গৌরোহরিস্তব ন কর্ণপথং গতোস্তি ॥ ৮৪ ॥
বৃথাবেশং কর্ম্মস্বপনয়ত বার্ত্তামপি মনাক্

মাশ্রয় ॥ ৮৩ ॥

সঞ্চারয়তি জ্ঞানাদি। ব্রজনাথস্য শ্রীকৃষ্ণস্য ভক্তিরীতিং ভজনপরিপাটীং ন বেদ্মি ন জানামি কিন্তুতাং জ্ঞানাদিবর্ত্ম বিরুচিং জ্ঞানং অতিবিরোধ নির্ব্বেদ ব্রহ্মজ্ঞানং আদিনা নিত্যনৈমিত্তিক ধর্ম্মাধ্যাত্মযোগশুষ্কবৈরাগ্যাদয়ঃ। তেষু বিরুচির্যস্যাস্তাং সদ্গুরবোপি ন মিলন্তি যতোজ্ঞাস্মি হাহন্ত হন্ত মম কঃ শরণং ভবিতেতি। নির্ব্বেদবন্ত মাক্ষিপ্যোপদিশতি হে বিশিষ্ট মূঢ় তব কর্ণপথং গৌরহরি র্ন গতোহস্তি হন্ত শীঘ্রং তদুপাসনং স্বকর্ণপথ মানয়তু ভবান্ বিলম্বেনালমিতি ধ্বনিতং ॥ ৮৪ ॥ ভক্তিরীতিং ন জানামি জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতাং। ইতি নির্ব্বেদ চিত্তেন গৌরাঙ্গভক্তিমাদিশৎ॥৮৪

ততঃ কর্ম্মাধ্যাত্মদেহাদিমোহিতান্ প্রতি তত্তদাবেশং ত্যাজয়ন্ শ্রীগৌরকৃপালেশলাভমাত্রেণৈব পরমপুরুষার্থ মধুরপ্রেমলাভ ইতি শিক্ষয়তি বৃথা

প্রণয়সাররূপে বর্ণন করিয়াছেন, শ্রীগৌরহরিই তাহার প্রভু ॥৮৩

জ্ঞানাদি মার্গে বিরুচি প্রদায়িনী ব্রজনাথ শ্রীকৃষ্ণের যে ভক্তি পরিপাটী তাহাও আমি জানি না এবং সদ্গুরুও প্রাপ্ত হই না, হায়! হায়! আমার উপায় কি, অরে মূঢ়! শ্রীগৌরহরি কি তোমার কর্ণ পথেও গমন করেন নাই ॥ ৮৪

নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মে বৃথাভিনিবেশ পরিত্যাগ কর, আত্মানাত্ম বিচার পদ্ধতির বার্ত্তামাত্রও কখন কর্ণের নিকট

ন কর্ণাভ্যর্ণেঽপি ক্বচ ন নয়তাধ্যাত্ম সরণেঃ।
নমোহং দেহাদৌ ভজত পরমাশ্চর্য্যমধুরঃ
পুমার্থানাং মৌলির্মিলতি ভবতাং গৌরকৃপয়া ॥ ৮৫ ॥
অলং শাস্ত্রাভ্যাসৈ রলমহহ তীর্থাটনিকয়া

বেশং কর্ম্মেত্যাদি। কর্ম্মসু নিত্যনৈমিত্তিকাদিষু বৃথা নিষ্প্রয়োজনমাবেশ মপনয়ত দূরীকুরুত। অধ্যাত্মমাত্মানাত্মবিবেচনং তস্য শরণে র্মার্গস্য মনাগল্পামপি বার্ত্তাং কর্ণস্যাভ্যর্ণে নিকটে ক্বচন সময়েঽপি ন নয়ত চ সামান্যস্যাপি ভক্তিবিরোধিত্বাৎ। দেহাদৌ মোহং ন ভজত ন কুরুত আদিপদেন তৎসম্বন্ধিষু চ ভগবদ্রতিবিরোধিত্বাৎ। ননু যথার্থোপদেশক ভবদাজ্ঞয়া সর্ব্বমস্মাভিস্ত্যক্তমেব। কিন্তু পরমার্থ প্রাপ্ত্যুপায়ং বদতু ভবানিত্যত্রাহ পরমাশ্চর্য্য মধুর ইত্যাদি। পরমঃ সর্ব্বোৎকৃষ্টঃ আশ্চর্য্যং চমৎকারকারী মাধুর্য্যবৈশিষ্টেনাস্বাদ্যশ্চ যঃ পুরুষার্থানাং মৌলিঃ মুকুটমণিঃ পঞ্চমঃ পুরুষার্থঃ প্রেমা ভবতাং গৌরাঙ্গস্য কৃপয়া মিলতি প্রায়ো ভবিষ্যতি। বর্ত্তমানসান্নিধ্যে লট্। অতস্তাদৃশ প্রেমৈব পরমপুরুষার্থস্তৎ প্রাপ্ত্যুপায়শ্চ গৌর দেহে ক্রিয়তে তদ্ভজনমেব সর্ব্বোপায়মূলমিতি তদিতর সর্ব্বং পরিত্যজ্য তচ্চরণশরণং ব্রজত ইতি ধ্বনিতং ॥ ৮৫ ॥ পুরুষার্থশিরোরত্ন প্রেমলাভায় পুত্রকাঃ। ভজত শ্রীগৌরহরিং যৎকৃপা সর্ব্বসাধিকা ॥ ৮৫ ॥

ইদানীং যোষিদভিলাষি স্বর্গাভিলাষি হরিরহস্যেতর শাস্ত্রাভ্যাসি তীর্থাটনকারিণঃ প্রতি তত্তদশ্রদ্ধয়িত্বা শ্রীগৌরপদাশ্রয়ণমেব ব্যবস্থাপয়তি।

আনয়ন করিও না, দেহাদির প্রতি মোহ পরিত্যাগ কর, তাহা হইলে শ্রীগৌরাঙ্গের কৃপায় পরমাশ্চর্য্য মাধুর্য্য বিশিষ্ট সকল পুরুষার্থের শিরোমণি যে প্রেম তাহা তোমাদিগের লাভ হইবে ॥ ৮৫ ॥

অহে ভক্তগণ! শাস্ত্রাভ্যাস বা তীর্থ পর্য্যটনে প্রয়োজন

সদা যোষিদ্ব্যাঘ্র্যা স্ত্রসত বিতথাং থূৎ কুরু দিবং।
তৃণম্মন্যা ধন্যাঃ শ্রয়ত কিল সন্ন্যাসিকপটং

অলং শাস্ত্রাভ্যাসৈরিত্যাদি। যোষিদেব ব্যাঘ্রী তস্যাঃ সকাশাৎ সদা ত্রসত যথা ব্যাঘ্রী দর্শনেনোদ্বিগ্না ভবন্তি তথা তদ্রূপয়া স্ত্রিয়া উদ্বিগ্না ভবত। ননু ব্যাঘ্রীরূপকত্বেন স্ত্রীসম্ভাষণং নিষিদ্ধঞ্চেত্তর্হি সস্ত্রীক কৃতযাগাদি কর্ম্মভির্ব্বিনা স্বর্গসুখং কথং সাধয়ামস্তত্রাহ বিতথামিত্যাদি। দিবং স্বর্গং তৃণং মন্যা তৃণপ্রায়ং মত্বা থূৎ কুরুত তত্র নিষ্ঠিবং ক্ষিপত বিতথাং মিথ্যাভূতাং প্রাকৃতত্বেন নশ্বরত্বাৎ। ননু স্বর্গসুখং নশ্বরং চেত্তর্হি যোগ শাস্ত্রাভ্যাসৈ র্যোগাদিকং সাধয়ামস্তস্মাদেব সর্ব্বসিদ্ধিঃ স্যাত্তত্রাহ অলং শাস্ত্রেতি শাস্ত্রকৃতৈ র্যোগাভ্যাসৈরলং মনোবিক্ষেপা দারূঢ়যোগানামপি ভ্রষ্টত্বাৎ কিং পুনস্তদভ্যাসিনাং সিদ্ধেপি ভক্তিফলসুখত্বাভাবাৎ অভ্যাসস্যাপি দুঃখ জনকত্বাৎ। ননু যদ্যেবং তর্হি তত্তত্তীর্থানাং নিষেবয়া জ্ঞানাদিকমুৎপাদ্য সালোক্যাদি মোক্ষং সাধয়াম স্তত্রাহ। অলমহহ তীর্থাটনিকয়েতি। তীর্থানামটনিকয়া পুনঃ পুনরটনেন অহহ ইত্যধিক্ষেপ খেদে অলং ব্যর্থং। প্রথমতোঽটনে পরিশ্রমাৎ অভক্তেষু তীর্থানাং যথার্থ ফল দাতৃত্বাভাবাৎ। অটনিকেতি ভাবে নকঃ। স্ত্রিয়ামাভীক্ষ্ন্যেতি ণকঃ। ণকস্যাদিচ্চেতীকারঃ। ননু তর্হি কিং কর্ত্তব্য নিত্যপেক্ষায়াং যথার্থস্বানুভূত তাৎপর্য্য বস্ত্বাশ্রয় কর্ত্তব্যতাং সিদ্ধান্তয়তি ধন্যাঃ শ্রয়ত কিলেতি। তদুক্তৌ সম্মুখান্ দৃষ্ট্বা সম্বোধয়তি ধন্যাঃ প্রেমধন প্রাপ্তি যোগ্যাঃ। গৌরাঙ্গং শ্রয়ত তৎপদাম্বুজমাশ্রিত্য সেবন্তাং কিলেতি নিশ্চয়ে। কীদৃশমম্বুধিতটে নটন্তং ননু কস্মান্নৃত্যতি তত্র হেতুমাহ নিজরসমদাৎ নিজস্য শ্রীকৃষ্ণস্বরূপাত্মনঃ যঃ প্রেমরস স্তেন যোমদো হর্ষঃ তস্মাদ্ধেতোঃ। ননু

নাই, ব্যাঘ্রী রূপা স্ত্রীর নিকটে সর্ব্বদা ভীত থাকিবে, স্বর্গকে তৃণ জ্ঞান করিয়া থূৎকার নিক্ষেপ কর, যিনি কপট সন্ন্যাসি বেশে নিজ প্রেমানন্দে মত্ত হইয়া সমুদ্র তটে নৃত্য

নটন্তং গৌরাঙ্গং নিজরসমদাদম্বুধিতটে ॥ ৮৬ ॥
কিং তাবদ্বত দুর্গমেষু বিফলং যোগাদিমার্গেষ্বহে
ভক্তিং কৃষ্ণপদাম্বুজে বিদধতঃ সর্ব্বার্থমালুণ্ঠত।

নিজশব্দস্য কৃষ্ণস্য স্বরূপত্বেন ব্যাখ্যানাৎ কথং সন্ন্যাসীতত্রাহ সন্ন্যাসী কপটমিতি সন্ন্যাসিষু কপটমাচ্ছন্ন মাচ্ছন্নাবতারত্বাৎ। সন্ন্যাসকৃৎ সমঃ শান্তো নিষ্ঠাশান্তি পরায়ণ ইত্যাদি সার্থকত্বাচ্চ। বস্তুতঃ পরমহংসানাং যেষু শিরঃস্থ পটং শিরোভূষণবস্ত্রমিব আত্মারামশিরোমণিমিত্যর্থঃ। তেষাং সেব্যমিতি যাবৎ। যোগতীর্থাটন স্ত্রীস্ব রভ্যাসাটনধীস্পৃহাঃ। হিত্বা ভজত গৌরাঙ্গং যতীন্দ্রং নিত্যকৌতুকং ॥ ৮৬ ॥

তেষাং মধ্যে কেষাঞ্চিদ্যোগাদিষ্বীষদাগ্রহং দৃষ্ট্বা শ্রীকৃষ্ণপ্রেমধনপ্রলোভেন তদাগ্রহং শ্লথয়িত্বা শ্রীগৌরাঙ্গেঽনুরক্তিং প্রসঞ্জয়তি কিং তাবদিতি। যোগাদিমার্গেষু বিফলং কিং তাবদনুসন্ধানমিতিশেষঃ। বত খেদে অহো ভ্রাতরঃ। শ্রীকৃষ্ণপদাম্বুজেভক্তিং বিদধতঃ সর্ব্বেষু পদার্থেষু যোঽর্থঃ প্রেমধনং তৎলুণ্ঠত বলাৎকারেণ গৃহ্নীত প্রেমার্থমিতি পাঠে ছন্দোঽর্থশ্চ সুগমঃ। তেষামপি সাংমুখ্যং দৃষ্ট্বা আহ আশেতি যুষ্মাকং শিবব্রহ্মাদলভ্যে অদ্ভুতে পরম প্রেমমহোৎসবে যদ্যাশাস্তি তদা গৌরে ধামনি ভগবতি রজ্যতামনুরক্তৌ ভূয়তাং। কিংভূতে দুর্জ্ঞেয়োমহিমা যস্য সঃ। অতএবোদার পরমদাতৃশিরোমণিঃ সচ স চেতি কর্ম্মধারয়ঃ তস্মিন্। ষষ্ঠ্যন্তয়োর্ব্বিদধতঃ আলুণ্ঠত ইত্যেতয়োঃ পাঠন্তয়োস্ত যোগাদ্যনুসন্ধধতং শ্রীকৃষ্ণভক্তং প্রত্যাহ কিং তাবদিত্যাদি।

করিতেছেন, সেই শ্রীগৌরাঙ্গকে তোমরা আশ্রয় কর ॥ ৮৬

অহো ভ্রাতঃ! যোগাদি মার্গ অতি দুর্গম তাহার অনুসন্ধান করা বিফল, অতএব তোমরা শ্রীকৃষ্ণ চরণাম্বুজে ভক্তি বিধান করত বল পূর্ব্বক প্রেমধন গ্রহণ কর, শ্রীশিব ব্রহ্মা প্রভৃতির অলভ্য পরমাশ্চর্য্য প্রেম মহোৎসব যদি তোমাদি-

আশা প্রেমমহোৎসবে যদি শিবব্রহ্মাদ্যলভ্যেহদ্ভুতে
গৌরে ধামনি দুর্ব্বিগাহমহিমোদারে তদা রজ্যতাং ॥ ৮৭
যথাযথা গৌরপদারবিন্দে
বিন্দেত ভক্তিং কৃতপুণ্যরাশিঃ।
তথাতথোৎসর্পতি হৃদ্যকস্মাৎ

অহো ভ্রাতঃ শ্রীকৃষ্ণপদাম্বুজে ভক্তিং বিদধত স্তব যোগাদিমার্গেষু দুঃসাধ্যেষু বিফলং কিং তাবৎ। তাসু কিঞ্চিৎ ফলং নাস্ত্যেব। ননু কথং বিফলং তত্রাহ সর্ব্বার্থমালুণ্ঠতঃ। কৃষ্ণভক্তস্য ভক্ত্যৈব সর্ব্বার্থানাং বলাৎকারেণ প্রাপ্তত্বাৎ। কিন্তু প্রেম্না যোমহোৎসব আনন্দবিশেষ স্তত্র যদি তবাশাস্তি তদা গৌরে ধামনি রজ্যতামিতি। তদাশাপূরণস্তু গৌরানুরক্তিং বিনা ন ভবতীতি ॥ ৮৭ ॥ মনস্ত্যজত যোগাদিং কৃষ্ণং ভজত লুণ্ঠত। প্রেমস্বং তন্মহাশা চেত্তদাগৌরেহনুরজ্যতাং। তন্মহাশাপ্রেমোৎসবাশা ॥ ৮৭ ॥

শ্রীচৈতন্যচরণবিষয়া রতি র্যাদৃশী যত্র তত্র তাদৃশী শ্রীরাধাপদাম্বুজবিষয়া রতিঃ। স্ফূর্ত্তিরপীত্যন্বয়া ব্যাপ্ত্যা যত্র সা নেতি ব্যতিরেকব্যাপ্তিং সূচয়ন্ শিক্ষয়তি যথাযথেত্যাদি। কৃতঃ পুণ্যানাং রাশিঃ পুঞ্জো যেন সঃ কৃতবহু সাধনঃ। যদ্বা কৃতানাং পুণ্যানাং সাধনানাং রাশির্যস্য এবং ভূতো যঃ শ্রীগৌরহরিপদারবিন্দে যথাযথা যাদৃশীং ভক্তিং বিন্দেত লভেত তস্য হৃদি তথা তথা তাদৃশঃ পদাম্ভোজ সুধাম্বুরাশি রকস্মাদুৎসর্পতি প্রোদ্গচ্ছতি। শ্রীরাধায়াঃ পদাম্বুজয়োঃ সুধা প্রেমসুধা তৎসম্বন্ধী অম্বুরাশি র্জলধিঃ। অম্বুরাশি রূপকত্বেন চৈতন্যপদারবিন্দ ভজনস্যাদ্ভুতচন্দ্রত্বং ধ্বনিতং ॥ ৮৮ ॥ যাদৃশী যাদৃশী

গের আশা থাকে, তবে সেই সর্ব্বদাতার শিরোমণি ও দুর্ব্বোধ মহিমা শ্রীগৌরহরিতে অনুরক্ত হও ॥ ৮৭ ॥

বহু সাধন সম্পন্ন ব্যক্তি শ্রীগৌরহরির পদারবিন্দে যাদৃশী ভক্তি লাভ করিবেন, শ্রীরাধার চরণকমল সম্বন্ধীয় প্রেমরূপ

রাধাপদাম্ভোজ সুধাম্বুরাশিঃ ॥ ৮৮ ॥

অপারস্য প্রেমোজ্জ্বলরস রহস্যামৃতনিধে

র্নিধানং ব্রহ্মেশার্চ্চিত ইহ হি চৈতন্যচরণঃ।

অতস্তং ধ্যায়ন্ প্রণয়ভরতো যান্তু শরণং

তমেব প্রেমোন্মত্তাস্তমিহ কিল গায়ন্তু কৃতিনঃ ॥ ৮৯ ॥

ভক্তি শ্চৈতন্যচরণাম্বুজে। তাদৃশী হৃদয়ে স্ফূর্ত্তিঃ শ্রীরাধাপাদপদ্ময়োঃ ॥ ৮৮ ॥

অতঃ সর্ব্বতোভাবেন শ্রীচৈতন্যচরণং শরণং শরণীয়মিতি শিক্ষয়ন্ তদ্ভুৎকর্ষং দর্শয়তি অপারস্য প্রেমোজ্জ্বলেতি। শ্রীচৈতন্যচরণঃ ব্রহ্মা চ ঈশো মহাদেবশ্চ তাভ্যামর্চ্চিতঃ পূজিতঃ স্বয়ং ভগবত্ত্বাৎ। পুনঃ কীদৃক্ প্রেম্নো য উজ্জ্বলরস স্তত্রাপি যদ্রহস্যামৃতং মহাভাব চরমভাগ স্তদেব নিধিঃ রসনিধি স্তস্য পারশূন্যস্য নিধানং নিধীয়তে স্থাপ্যতেঽত্রেতি নিধানমাধারঃ হি যত এবম্ভূতো ঽতঃ কৃতিনঃ সারগ্রাহিণঃ ইহ কলৌ প্রণয়াতিশয়াৎ তং চৈতন্যচরণং ধ্যায়ং স্তমেব শরণং যান্তু প্রাপ্নুবন্তু। তচ্চরণাম্বুজ মাধুর্য্যেণ প্রকৃষ্টোৎকৃষ্ট হর্ষযুক্তাস্তং চরণাম্বুজমহিমানং কিল নিশ্চিতমিহ সময়ে গায়ন্তু ইত্যুপলক্ষণং শৃণ্বন্তু অনুমোদয়ন্তু বর্ণয়ন্তু ইত্যাদি ॥ ৮৯ ॥ শিবব্রহ্মাদ্যার্চ্চনীয়ং মহাভাবপরাশ্রয়ং। কলৌ ভজন্তু রসিকা শ্চৈতন্যচরণাম্বুজং ॥ ৮৯ ॥

সুধা সমুদ্র অকস্মাৎ তাঁহার হৃদয়ে তাদৃশভাবে উদ্গত হইবে ॥ ৮৮ ॥

যিনি অপার প্রেমোজ্জ্বল রূপ সুধা সমুদ্রের আধার এবং শ্রীব্রহ্মা শিব কর্ত্তৃক পূজিত অতএব হে সারগ্রাহিগণ! তোমরা এই কলিযুগে প্রণয়াতিশয়ে ও প্রেমানন্দে সেই শ্রীচৈতন্যচন্দ্রের চরণকমলে শরণ গ্রহণ কর এবং তাঁহারেই ধ্যান ও তাঁহাকেই গান কর ॥ ৮৯ ॥

দন্তে নিধায় তৃণকং পদয়োর্নিপত্য
কৃত্বা চ কাকুশতমেতদহং ব্রবীমি।
হে সাধবঃ সকলমেব বিহায় দূরা
দ্গৌরাঙ্গচন্দ্রচরণে কুরুতানুরাগং॥ ৯০॥
অহো ন দুর্ল্লভা মুক্তির্ন চ ভক্তিঃ সুদুর্লভাঃ।

পুনঃ সংমিশ্রান্ ভক্তান্ প্রতি দৈন্যেন সর্ব্বত্যাগ পূর্ব্বকমনুরাগমাসঞ্জয়তি। দন্তে নিধায় তৃণকমিত্যাদি। সকলং তদিতরসাধনাদি কর্ম্মজ্ঞান সাংখ্যযোগ শুষ্কবৈরাগ্য চতুর্ব্বর্গধর্ম্মাধর্ম্মবিষয়বাসনাদিকং সর্ব্বং দূরাদ্বিহায় ন পুনরাগ্রহং যথা স্যাত্তথা ত্যক্ত্বা গৌরাঙ্গ এব চন্দ্রস্তস্য চরণে পাদপদ্মে অনুরাগং কুরুতেতি॥ ৯০॥ দন্তে কৃত্বা তৃণং পাদে পতিত্বা বিনয়াকুলঃ। যাচে হিত্বাখিলং গৌরপদে রজ্যন্তু সাধবঃ॥ ৯০॥

নন্থ মুক্তি ভক্তি প্রভৃতি সর্ব্বং ত্যাজয়িত্বা কথং গৌরচন্দ্রানুরাগং কারয়সি তত্রাহ। অহো ন দুর্লভামুক্তিরিত্যাদি মুক্তিঃ সালোক্যং ভক্তিঃ সেবা তে দ্বে জ্ঞানমিশ্র শুদ্ধসাধনভক্তিসাধ্যে অতো ন দুর্লভাসুদুর্লভে। গৌরচন্দ্রস্য প্রসাদঃ প্রসন্নতা। তৎপ্রসাদাৎ প্রকটীভূতঃ তাদৃক্ পরম নিগূঢ় প্রেমামৃতাস্বাদঃ স বৈকুণ্ঠেপি সুদুর্লভঃ। তত্র তস্যাত্যন্তাভাব ইত্যর্থঃ। তদ্বাসিনামপ্যেতৎ প্রার্থিতত্বাদহো বৈকুণ্ঠৈস্বেরপীত্যুক্তেঃ॥ ৯১॥ মুক্তি

হে ভক্তগণ! আমি দন্তে তৃণ ধারণ পূর্ব্বক পদদ্বয়ে পতিত হইয়া বিনয় সহকারে এই প্রার্থনা করি যে, তোমরা সর্ব্ব ধর্ম্ম দূরে পরিত্যাগ করিয়া শ্রীগৌরাঙ্গচন্দ্রের চরণে অনুরাগ কর॥ ৯০॥

অহো! মুক্তিও দুর্ল্লভা নহে এবং ভক্তিও সুদুর্ল্লভা নহে, কিন্তু শ্রীগৌরচন্দ্রের প্রসন্নতা বৈকুণ্ঠেও দুর্ল্লভ, যেহেতু

গৌরচন্দ্রপ্রসাদস্তু বৈকুণ্ঠেপি সুদুর্ল্লভঃ ॥ ৯১ ॥
ভজন্তু চৈতন্যপদারবিন্দং
ভবন্তু সদ্ভক্তিরসেন পূর্ণাঃ।
আনন্দয়ন্তু ত্রিজগদ্বিচিত্রং
মাধুর্য্যসৌভাগ্যদয়াক্ষমাদ্যৈঃ ॥ ৯২ ॥
সংসারসিন্ধু তরণে হৃদয়ং যদি স্যাৎ
সংকীর্ত্তনামৃতরসে রমতে মনশ্চেৎ।

জ্ঞানাদি সাধ্যা স্যাদ্ধরি ভক্তিপ্রসাদনাৎ। গৌরচন্দ্রপ্রসাদাত্তু প্রেমা বৈকুণ্ঠ দুর্ল্ভঃ ॥ ৯১ ॥

যতস্তৎ প্রসাদপ্রেমা বৈকুণ্ঠেপি দুর্ল্ভোঽতো ভগবচ্চৈতন্যস্য ভজনং প্রবর্ত্তয়তি। ভজন্তু চৈতন্যপদারবিন্দমিত্যাদি। ভজন্তু আশ্রয়ন্তু। অতএব সদ্ভক্তিরসেন পূর্ণা ভবন্তু সন্ সর্ব্বোৎকৃষ্টো যো ভক্তিরসস্তেন। অতএব মাধুর্য্যাদিভির্বদ্বিশ্বং বিচিত্রং যথাস্যাত্তথা আনন্দয়ন্তু। মাধুর্য্যং মধুরস্বভাবঃ সৌভাগ্যং জগৎপূজ্যত্বং দয়া নীচে করুণা ক্ষমা তৃণাদপি সহিষ্ণুতা ॥ ৯২ ॥ চৈতন্য পদভক্তেষু নিগূঢ় প্রেমপূর্ণতা। মাধুর্য্যাদি গুণৈর্যেষাং জগদানন্দ দাতৃতা ॥ ৯২

ইদানীং সংসারতিতীর্ষু সংকীর্ত্তনামৃতরসরিরংসু প্রেমাম্বুধি বিজিহীর্ষূন্ প্রতি চৈতন্যপদাশ্রয়ং সিদ্ধান্তয়তি। সংসারসিন্ধুতরণেত্যাদি ॥ ৯৩ ॥

তত্রত্য ব্যক্তিরাও ঐ প্রসন্নতা প্রার্থনা করিয়া থাকেন ॥ ৯১

তোমরা শ্রীচৈতন্যচন্দ্রের পদারবিন্দ আশ্রয় কর, তাহা হইলে সর্ব্বোৎকৃষ্ট ভক্তিরসে পরিপূর্ণ হইয়া মধুর স্বভাব, জগৎ পূজ্যতা, কারুণ্য ও সহিষ্ণুতাদি গুণ দ্বারা ত্রিজগৎকে বিচিত্রভাবে আনন্দিত করিবে ॥ ৯২ ॥

সংসার সাগর তরণে, সঙ্কীর্ত্তন রূপ সুধারসের আস্বাদনে

প্রেমাম্বুধৌ বিহরণে যদি চিত্তবৃত্তি
শ্চৈতন্যচন্দ্রচরণে শরণং প্রযাতু ॥ ৯৩ ॥
জ্ঞানবৈরাগ্যভক্ত্যাদি সাধয়ন্তু যথা তথা।
চৈতন্যচরণাম্ভোজভক্তিলভ্য সমং কুতঃ ॥ ৯৪ ॥
অচৈতন্যমিদং বিশ্বং যদি চৈতন্যমীশ্বরং।

কলৌ সংসারতরণং সংকীর্ত্তন রসে রতিঃ। প্রেমাম্বুধৌ বিহারশ্চ নাস্তি গৌরাশ্রয়ং বিনা ॥ ৯৩ ॥

নম্বত্রাপি জ্ঞানবৈরাগ্যাদি দৃশ্যতে তর্হি কথং তৎসাধনায় গৌরচন্দ্র ভজনং প্রবর্ত্তয়তীতি বদতঃ কাংশ্চিৎ প্রত্যাহ জ্ঞানবৈরাগ্যেত্যাদি। সমাহারদ্বন্দ্বেনৈকত্বক্লীবত্বে। তজ্জ্ঞানাদি যথাতথা প্রকারেণ সাধয়ন্তু উৎপাদয়ন্তু শ্রীচৈতন্য পাদপদ্ম ভজনেন যজ্জ্ঞানাদি বৈলক্ষণ্যং প্রকটং ভবতি তেন তুল্যং কুত্রাপি নাস্তীত্যর্থঃ বৈলক্ষণ্যং যথা জ্ঞানং সলিলপরিকরস্বয়ং ভগবৎ শ্রীকৃষ্ণসর্ব্বোৎকৃষ্ট মাধুর্য্যতত্ত্বং বৈরাগ্যং তত্তত্ত্বমাত্র বিষয়ীচ্ছাবিশেষঃ। ভক্তির্নিগূঢ় পরমোৎকর্ষোজ্জ্বল প্রেমলক্ষণা ॥ ৯৪ ॥ যাদৃকৃতত্ত্বং প্রেমভক্তিঃ সবৈরাগ্যা গৌরহরেঃ। ভক্তেষু তাদৃক্ কুত্রাপি জ্ঞানাদি নহি দৃশ্যতে ॥ ৯৪ ॥

নন্থ তর্হি কথং বিশ্বস্থাঃ সর্ব্বে জনা শ্চৈতন্যং ন ভজন্তি তত্রাশ্বরসমাহ। অচৈতন্যমিদং বিশ্বমিত্যাদি। ইদং বিশ্বং অচৈতন্যং চৈতন্যশূন্যং যদি

এবং প্রেম সমুদ্র বিহারে যদি তোমাগের মন হয়, তাহা হইলে শ্রীচৈতন্যের চরণে শরণ গ্রহণ কর ॥ ৯৩ ॥

যে কোন প্রকারে জ্ঞান, বৈরাগ্য, ভক্তি সাধন হইলেও শ্রীচৈতন্য চরণকমল দ্বারা যাদৃশ জ্ঞানাদি জন্মে, তত্তুল্য আর কুত্রাপি দৃষ্ট হয় না ॥ ৯৪ ॥

চৈতন্য শূন্য এই জগৎ অর্থাৎ জগতস্থ যে কোন প্রাণী যদি ব্রহ্মাদি দেব কর্ত্তৃক উপাস্য সর্ব্ব জন নিয়ন্তা, স্বয়ং

ন ভজেৎ সর্ব্বতোমৃত্যুরুপাস্যমমরোত্তমৈঃ ॥ ৯৫ ॥
আশা যস্য পদদ্বন্দ্বে চৈতন্যস্য মহাপ্রভোঃ।
তস্যেন্দ্রো দাসবদ্ভাতি কা কথা নৃপকীটকে ॥ ৯৬ ॥
যস্যাশা কৃষ্ণচৈতন্যে নৃপদ্বারি কিমর্থিনঃ।

কৃষ্ণচৈতন্যং ন ভজেত্তদা সর্ব্বত্র মৃত্যুঃ চৈতন্যং কিম্ভূতং অমরোত্তমৈঃ ব্রহ্মাদিভি রুপাস্যং অতএবেশ্বরং সর্ব্বনিয়ামকত্বাৎ স্বয়ং ভগবন্তমিত্যর্থঃ। ব্রহ্মাদ্যুপাস্যং চৈতন্যং নাশ্রয়েদ্যোজনঃ কলৌ। তস্য সংসারশরণৌ গমনাগমনং ভবেৎ ॥ ৯৫ ॥

নন্থ পৃথিবীপতয় স্তাবদিদং চৈতন্যপাদাম্বুজে শ্রয়ণং মন্যন্তে নবেতি সন্দেহঃ সর্ব্বত্র রাজানুগত ধর্ম্মপ্রচারিতত্বাৎ ইত্যত্র সক্রোধমাহ আশা যস্য পদদ্বন্দে চৈতন্যস্যেতি। আশা যস্য তস্যৈবং তদাশ্রিতস্য কা বা কথা তত্রারূঢ় ভাবানাং কথাতিসুদূরে ইতি ন্যূনাতিন্যূনে আধিক্যে চ কৈমুত্যং সূচিতং দাসবদ্ভাতি দাসত্বমেব প্রকাশতে। কীটকে অত্যল্পার্থে ক প্রত্যয়ঃ ভূপ এব ক্ষুদ্রকীটঃ ক্ষুদ্রপ্রায়ে নৃপে কা কথা ॥ ৯৬ ॥ বশীভবন্তি দেবাদ্যা যস্যাশা গৌরপাদয়োঃ। ক্ষুদ্রা নৃপাস্তু কিং গণ্যাস্তদ্ভক্তাস্ত্বধিকারিকাঃ ॥ ৯৬ ॥

নন্থ দেবা দাসবদ্ভবন্তু রাজানঃ ক্ষুদ্রতরাস্তেষাং কথা নাস্তু সংপ্রতি গৃহস্থানামস্মাকং রাজদ্বারং বিনা জীবিকা হানিরিত্যত্রাস্বরসমাহ যস্যাশা কৃষ্ণচৈতন্যে নৃপদ্বারীতি। যস্যার্থিনঃ শ্রীকৃষ্ণশ্চৈতন্যে আশা তস্য নৃপদ্বারি

ভগবান্ শ্রীচৈতন্য দেবকে ভজনা না করে তবে তাহাদের কেবল মরণ মাত্রই লাভ ॥ ৯৫ ॥

শ্রীচৈতন্য মহাপ্রভুর চরণযুগলে যাঁহার আশা আছে, তাঁহার নিকট ইন্দ্র দাসের ন্যায় প্রকাশ পান, কীট তুল্য সামান্য নৃপতির কথা কি বলিব ॥ ৯৬ ॥

যে যাচক ব্যক্তির শ্রীকৃষ্ণচৈতন্যে আশা থাকে, তাহার

চিন্তামণিময়ং প্রাপ্য কোমূঢ়ো রজতং ব্রজেৎ ॥ ৯৭ ॥
ধ্যায়ন্তোগিরিকন্দরেষু বহবো ব্রহ্মানুভূয়াসতে
যোগাভ্যাসপরাশ্চ সন্তি বহবঃ সিদ্ধা মহীমণ্ডলে।
বিদ্যাশৌর্য্যধনাদিভিশ্চ বহবোজল্পন্তি মিথ্যোদ্ধতা

কিং। তত্র দৃষ্টান্তঃ চিন্তামণিং প্রাপ্য মূঢ়োঽয়ং কঃ রজতমনুসন্ধাতুং ব্রজেৎ ॥ ৯৭ ॥ শ্রীগৌরভজনং চিন্তা রত্নং প্রাপ্য মহাজনাঃ। ন যান্তি ক্বাপি রাজাদৌ যান্তি চেৎ করুণাবশাঃ ॥ ৯৭ ॥

নমু কেপি নির্জনস্থা ব্রহ্মধ্যাননিষ্ঠাঃ কেপি সিদ্ধাঃ কেপি চ বিদ্যাধনাদি গর্ব্বাধিকজল্পাশ্চ কথমত্র নাভিলষন্তি নাভিলষন্ত কিন্তু তেষাং প্রেমরসাস্বাদন সুখং নাস্তীত্যাহ। ধ্যায়ন্তে গিরিকন্দরেষু ইত্যাদি। গিরীকন্দরেষু বহবো ব্রহ্মনির্ব্বেদং স্বজ্ঞান স্বরূপং ধ্যায়ন্তো ব্রহ্মসুখমনুভূয়াসতে উপবিশন্তি। এবং যোগাভ্যাস পরাশ্চ বহবঃ সন্তি। সিদ্ধা অপি মহীমণ্ডলে সন্তি। এবং বহবো জনা বিদ্যাদিভির্মিথ্যোদ্যতাঃ প্রমত্তা জল্পন্তি। তে তে তত্তৎ কুর্ব্বন্ত। কিন্তু গৌরহরিকৃপাং বিনা জগতি কোবা প্রেম্না উদ্গতহর্ষঃ সন্নৃত্যতি। অতো গৌরকৃপাপাত্রাণাং যাদৃক্ প্রেমানন্দ স্তাদৃক্ কুত্রাপি নাস্তীতি সর্ব্বং ত্যক্ত্বা গৌরহরিচরণাম্বুজমাশ্রয়েতেতিভাবঃ ॥ ৯৮ ॥ জ্ঞান-

---

রাজদ্বারে প্রয়োজন কি ?। যেমন চিন্তামণি লাভ হইলে কোন্ মূঢ় রজতের প্রতি গমন করে ! ॥ ৯৭ ॥

কেহ কেহ পর্ব্বত গুহায় ব্রহ্ম চিন্তা করিতেছেন, কেহ কেহ বা যোগাভ্যাসে তৎপর হইতেছেন, বহু বহু সিদ্ধ লোকে মহীমণ্ডলে বিচরণ করিতেছেন এবং কেহ কেহ বা বিদ্যা ঐশ্বর্য্য ধনাদি দ্বারা মত্ত হইয়া মিথ্যা জল্পনে প্রবৃত্ত রহিয়াছেন, কিন্তু শ্রীগৌরহরির কৃপা ব্যতিরেকে জগতে

কোবাগৌরকৃপাং বিনাদ্য জগতি প্রেমোন্মদো নৃত্যতি ॥৯৮

কাশীবাসীনপি ন গণয়ে কিং গয়াং মার্গয়ামো
মুক্তিং শুক্তীভবতি যদি মে কঃ পরার্থপ্রসঙ্গঃ।
ত্রাসাভাসঃ স্ফুরতি ন মহা রৌরবেপি ক্ব ভীতিঃ
স্ত্রীপুত্রাদৌ যদি কৃপয়তে দেবদেবঃ স গৌরঃ ॥ ৯৯ ॥

যোগকর্ম্মনিষ্ঠাবহবঃ সন্তু ভূতলে। চৈতন্যচরণাম্ভোজ কৃপাজন্য সুখংকুতঃ ॥ ৯৮

শ্রীচৈতন্যকৃপাবিলাসিনাং কুত্রাপ্যভিলাষভয়ং নাস্তীতি দর্শয়ন্ কাশ্যা-দ্যাক্ষেপেণ তৎকৃপামুৎকৃষ্টাং স্ত্রীপুত্রাদিভীতান্ শিক্ষয়তি। কাশীবাসী নপীত্যাদি। যদি দেবানাং দেব উপাস্যঃ। স গৌরঃ কৃপয়তে করুণাং করোতি তদা কাশীবাসীনপি ন গণয়ে ন গণয়ামি কাশ্যাং বসতীত্যর্থেনা সুবন্ধ ই প্রত্যয়েন ইদন্তঃ নন্বিনন্তঃ। দ্বিতীয়াবহুবচনে কাশীবাসীনিতি। তানপি ন গণয়ামি কিং গয়ামন্বেষয়ামঃ। যদি মম সম্বন্ধে মুক্তিঃ শুক্তি-র্ভবতি সম্বুকতুল্যা ভবতি পরস্যার্থফলস্য কঃ প্রসঙ্গঃ ননু তথাপি স্ত্রীপুত্রা-দিবিষয়ে শঙ্কা তত্রাহ যদি মহারৌরবে নরকবিশেষেপি ন ত্রাসাভাসঃ স্ফুরতি তর্হি স্ত্রীপুত্রাদৌ ক্ব ভীতিঃ অতঃ সর্ব্বত্রাগ্রহভয়ং ত্যক্ত্বা শ্রীচৈতন্য চরণাম্বুজমাশ্রয়ন্তু তৎকৃপয়ৈব পঞ্চমপুরুষার্থলাভোনান্যৈরিত্যুপসংহারঃ ॥ ৯৯ ॥

কাশ্যাদের্গণনা ন স্যান্মোক্ষঃ সম্বুককঙ্ককঃ। ক্ব ভীর্নিরয় পত্ন্যাদৌ শ্রীচৈতন্য-কৃপা যদি ॥ ৯৯ ॥

আজ কোন্ ব্যক্তি প্রেমোন্মাদে নৃত্য করিবে? ॥ ৯৮ ॥

যদি দেবাদিদেব শ্রীগৌরহরি কৃপা করেন, তাহা হইলে কাশীবাসিদিগকেও গণনা করি না, কেনই বা গয়া ধাম অন্বেষণ করিব, যখন আমার সম্বন্ধে মুক্তি শুক্তি তুল্য বোধ হইতেছে তখন অন্যার্থের প্রসঙ্গ কি? আর যদি মহা রৌরব নরক বিষয়ে ত্রাসের আভাসও প্রকাশ না পায় তবে স্ত্রীপু-ত্রাদি বিষয়েই বা ভয় কি? ॥ ৯৯ ॥

অথ চৈতন্যোৎকর্ষতা ॥
মত্তকেশরিকিশোরবিক্রমঃ
প্রেমসিন্ধু জগদাপ্লবোদ্যমঃ।
কোপি দিব্য নবহেম কন্দলী

॥ * ॥ ইতি শ্রীচৈতন্যচন্দ্রামৃতে লোকশিক্ষাপ্রকরণে রসিকাস্বাদিন্যাংটীকায়া মষ্টমো বিভাগঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

ইদানীং রূপগুণমাধুর্য্যবর্য্যবীর্য্যৌদার্য্যাদিভিরবতারমুৎকর্ষয়ন্ প্রকরণমারভ তে দশভিঃ পদ্যৈঃ। অথ চৈতন্যোৎকর্ষতা ইতি। তত্র প্রথমং রূপগুণ মাধুর্য্যং বীর্য্যং প্রেমৌদার্য্যঞ্চাহ। মত্তকেশরীতি। গৌরহরিরেব চন্দ্রমা গৌরচন্দ্রমা জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। জয়তিরত্রাকর্ম্মকঃ সর্ব্বোৎকর্ষবচনঃ। কোঽপি কৈরপ্যনির্ব্বচনীয়ঃ। কিম্ভূতঃ কেশরিষু সিংহেষু যঃ কিশোরঃ স কেশরিকিশোরঃ মত্তশ্চাসৌ স চেতি স তস্য বিক্রম ইব কলিকালবারণে বিক্রমো যস্য স কিংভূতঃ প্রেমেত্যাদি। প্রেমৈব সিন্ধু স্তেন জগতাং চতুর্দ্দশভুবনানামাপ্লাবনে উদ্যমো ব্যবসায়ো যস্য সঃ। পুনঃ কিংভূতঃ দিব্যেত্যাদি। দিব্যা মনোহরা হেম্নাং কন্দলী নবোদ্ভিদি কোরক স্ততোপি কোমলঃ স্কুমারঃ। মত্তেতি লুপ্তোপমালঙ্কারেণ বীর্য্যং দীর্ঘগ্রীবত্বং ক্ষীণমধ্যত্বং কলিদোষবারণমথনঞ্চ ধ্বনিতং। ধ্বনেরতিশয়িত পদপদার্থত্বাৎ। চন্দ্রমা ইতি প্রেমসিন্ধুরিতি চ রূপকং জগদাপ্লব ইতি অতিশয়োক্তিঃ। কোপি দিব্যেতি ব্যতিরেকঃ। যথা কথঞ্চিৎ সাদৃশ্যমুপমা সা ভবেদ্দ্বিধা। পূর্ণালুপ্তেতি সাদৃশ্যেবাদেযোগ বিলোপয়োঃ॥ ইত্যুপমালক্ষণং অভিন্নয়োঃ কঞ্চিদংশ উপমানোপমেয়য়োঃ। যত্তাদাত্ম্যং দ্বয়োস্তত্তদ্রূপকং কথ্যতে বুধৈঃ। ব্যতিরেকঃ স বিজ্ঞেয় উপমানাদ্বিলক্ষণঃ ॥ ১০০ ॥ নবকাঞ্চন কন্দলকান্ততনুঃ প্রিয়

অথ চৈতন্যের শ্রেষ্ঠতা ॥

যিনি মত্তসিংহের শাবক সদৃশ বিক্রমশালী, স্থবর্ণের নবাঙ্কুর সদৃশ, সেই স্কুমার শ্রীগৌরচন্দ্র প্রেমসিন্ধু দ্বারা জগৎকে

কোমলো জয়তি গৌরচন্দ্রমাঃ ॥ ১০০ ॥

সৌন্দর্য্যে কামকোটিঃ সকলজনসমাহ্লাদনে চন্দ্রকোটি
র্বাৎসল্যে মাতৃকোটি স্ত্রিদশবিটপিনাং কোটিরৌদার্য্যসারে।
গাম্ভীর্য্যেঽম্ভোধিকোটি র্মধুরিমনি সুধাক্ষীরমাধ্বীককোটি
র্গৌরোদেবঃ স জীয়াৎ প্রণয়রসপদে দর্শিতাশ্চর্য্যকোটিঃ॥১০১

স্বপাদাম্ভোজৈকপ্রণয়লহরীসাধনভৃতাং

তাম্বুধিবর্দ্ধিশচীপ্রজন্মঃ। জিতকেশরিদিব্যকিশোরমদঃ কিল গৌরবিধুর্জয়তি প্রমদঃ ॥ ১০০ ॥

ততঃ সৌন্দর্য্যাহ্লাদনবাৎসল্যৌদার্য্যগাম্ভীর্য্যমাধুর্য্যাধিক্যমুল্লাশয়ন্ ব্যতিরেকবিশেষোক্ত্যলঙ্কারাভ্যাং সর্ব্বোৎকর্ষং প্রতিপাদয়তি সৌন্দর্য্যে কাম কোটিরিত্যাদি ॥ স প্রসিদ্ধঃ শ্রীগৌরদেবঃ দীব্যতি নিজগূঢ়প্রেমরসাস্বাদ নার্থং তদ্দ্বারা তদ্বিস্তারায় চ ভক্তবৃন্দৈর্ব্বিহরতীতি দেবঃ জীয়াৎ সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। কিম্ভূতঃ সৌন্দর্য্যে কামকোটিরিত্যাদ্যৈঃ সপ্তভির্ব্বিশেষণৈ র্ব্বিশিষ্টঃ। ত্রিদশবিটপিনাং কল্পদ্রুমানাং প্রণয় রসস্য পদে বিষয়ে। বিশেষোক্তির্যথা। বিশেষোক্তিঃ পরিকরঃ স্যাৎ সাকূতৈর্ব্বিশেষণৈরিতি ॥ ১০১ ॥

স্মর চন্দ্রসুরদ্রুমমাতৃশত প্রিয়সিন্ধুসুধারুচিরাদিকতঃ। অতিসুন্দরতাদিক কোটি গুণো জয় মাধবকাঞ্চনকান্তিতনো ॥ ১০১ ॥

শিবাদি চমৎকারকারি স্বভক্তবৃন্দদৃষ্ট প্রকটপরমাদ্ভুতমহিম্নঃ শ্রীগৌর

প্লাবিত করিয়া সর্ব্বোৎকর্ষ রূপে বিরাজ করিতেছেন ॥ ১০০

যিনি কোটি কন্দর্পের ন্যায় পরম সুন্দর, কোটি চন্দ্রের ন্যায় সকলের আহ্লাদ জনক, কোটি মাতৃ সদৃশ স্নেহবান্, কোটি কল্প বৃক্ষ সদৃশ দাতা, কোটি সমুদ্রের ন্যায় গম্ভীর স্বভাব, অমৃতের ন্যায় মধুর এবং কোটি কোটি বৈচিত্র প্রণয় রসের প্রদর্শক, সেই শ্রীগৌরদেব জয় যুক্ত হউন ॥ ১০১ ॥

স্বীয় চরণ পদ্মের এক স্নেহ তরঙ্গধারী, শিব বিরিঞ্চির

শিবব্রহ্মাদীনামপি চ সুমহা বিস্ময়ভৃতাং।
মহাপ্রেমাবেশাৎ কিমপি নটতামুন্মদ ইব
প্রভু গৌরোজীয়াৎ প্রকট পরমাশ্চর্য্যমহিমা॥ ১০২॥
মাদ্যৎকোটিমৃগেন্দ্রহুংকৃতিরর্ক স্তিগ্মাংশুকোটিচ্ছবিঃ
কোটীন্দূদ্ভটশীতলো গতিজিতপ্রোন্মত্ত কোটিদ্বিপঃ।

হরেঃ সর্ব্বোৎকর্ষতা মুল্লাসয়তি স্বপাদাম্ভোজৈক প্রণয়লহরীত্যাদি। গৌরোজীয়াৎ সর্ব্বোৎকর্ষেণ বিরাজতাং অতএব প্রভুঃ স্বয়ং ভগবান্। ভক্তানাং সম্বন্ধে প্রকটীভূত পরমচমৎকারকারী মহিমা যেন সঃ ভক্তানাং কীদৃশানাং পাদাম্ভোজয়োরেকা সর্ব্বাতিশায়িনী প্রণয়স্য স্নেহপরিপাকস্য লহরী তরঙ্গরূপ নানা বিকারঃ তস্যাঃ সাধনমিন্দ্রিয়ব্যাপারসাধ্যং ভাবপ্রাকট্যপ্রযোজকবিশেষং বিভ্রতি পুষ্ণন্তি যে তেষাং অথচ শিবব্রহ্মাদীনামপি সম্বন্ধে অতিশয়ং বিভ্রতি যেচ তেষাং। পুনঃ কিম্ভূতানাং মহাপ্রেমা মহাভাবস্তত্রাবেশা দুন্মদ ইব কিমপি স চমৎকার নটতাং নর্ত্ততাং নর্ত্তনং কুর্ব্বতাং॥ ১০২॥ শিব পদ্মজ দৈবত বিস্ময়নে পদপঙ্কজ স্বপদাম্বুজষট্‌পদভক্তগণে। বিততাদ্ভুত হি মহিমাদিভরঃ কলধৌততনু র্জয়তীশবরঃ॥ ১০২॥

ইদানীমতিবিক্রমতেজোদীপ্তি স্নিগ্ধতা গতিমাধুর্য্যৈশ্বর্য্যাদ্বৈত ব্রহ্মশ্রেষ্ঠানি দর্শনয়ন্নুৎকর্ষতামাহ। মাদ্যৎ কোটীত্যাদি॥ শ্রীশ্রীশচীনন্দনঃ বিজয়তে সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। কিংভূতঃ মাদ্যন্তঃ কোটিসংখ্যাবিশিষ্টা যে মৃগেন্দ্রা

বিস্ময় প্রদ এবং প্রেমাবেশে উন্মত্ত বৎ নৃত্যকারী ভক্তদিগের সম্বন্ধে যিনি পরমাশ্চর্য্য মহিমা প্রকাশ করিতেছেন সেই স্বয়ং ভগবান্ শ্রীগৌরহরি সর্ব্বোৎকর্ষ রূপে বিরাজ করুন॥ ১০২॥

কোটি মত্ত মৃগেন্দ্রের হুঙ্কারের ন্যায় যাঁহার শব্দ, কোটি সূর্য্যতুল্য যাঁহার কান্তি, কোটি চন্দ্র সদৃশ যাঁহার শীতলতা,

নাম্না কোটিসুদুর্গনিষ্কৃতিকরো ব্রহ্মাদিকোটীশ্বরঃ
কোট্যদ্বৈতশিরোমণির্ব্বিজয়তে শ্রীশ্রীশচীনন্দনঃ ॥ ১০৩॥
যোমার্গোদূরশূন্যোবত ইহ বলবৎকণ্টকো যোতি দুর্গো
মিথ্যার্থভ্রামকোযঃ সপদি রসময়ানন্দ নিঃস্যন্দকোযঃ ।

স্তেষাং হুঙ্কার ইব রবো যস্য স তিগ্মাংশূনাং কোটিচ্ছবিতোপি ছবির্যস্য সঃ। নন্বেক সূর্য্য ছবিরসহ্যা কথং কোটিসংখ্যকানাং ছবয়ঃ সহ্যা স্তত্রাহ কোটিসংখ্যকানামিন্দূনামুড়টাদতিশয়াৎ শীতলাদপি শীতলঃ। গত্যা জিতাঃ প্রোন্মত্তা কোটিদ্বিপা হস্তিনো যেন সঃ নাম্না হরেকৃষ্ণ ইত্যাদিনা মন্ত্রেণ কিম্বা স্বনাম্না শ্রীশচীনন্দন চৈতন্য শ্রীকৃষ্ণচৈতন্য বিশ্বম্ভরেত্যাদিনা কোট্যতিশয়দুর্গতানাং নিষ্কৃতিকরঃ উদ্ধারকরঃ ব্রহ্মাদীনাং দেবানাং কোটীশ্বরঃ। কোটিসংখ্যানামদ্বৈতানাং নির্ভেদ ব্রহ্মণাং শিরোমণিঃ পরম পরাকাষ্ঠাপরীপাকঃ ঘনীভূতনরাকার পরব্রহ্মেত্যর্থঃ। উদাত্তালঙ্কারেণ সর্ব্বোৎকৃষ্টত্বমুক্তং। পরা সমৃদ্ধির্ব্বস্তূনামুদাত্তমিতি কথ্যতে ॥ ১০৩ ॥ মদমত্তমৃগেন্দ্রশতাযুতহুঙ্কৃতিরাবতি সুখয়শ্চ বহূন্। সুখচিন্ময়কোটি শিরোমুকুটঃ কনকাঞ্চি তনুর্জয়তি প্রণটঃ ॥ ১০৩ ॥

হৃদয়ান্ধকারনাশকত্বেন নিগূঢ়ঃ প্রেমরসাস্বাদনমার্গপ্রকাশকত্বেন চ প্রদীপরূপকত্বেন তমুৎকর্ষয়তি। যোমার্গো দূরশূন্যেত্যাদি। নবদ্বীপে দীপ্তিং কুর্ব্বন্ নবদ্বীপং দীপ্যন্ স চাসৌ প্রদীপশ্চেতি স কোপি তাদৃক্ প্রদীপরূপঃ গৌরহরি

কোটি মত্ত হস্তী অপেক্ষাও যাঁহার সুন্দর গতি, যিনি নাম দ্বারা কোটি দুর্গত ব্যক্তির নিষ্কৃতি কারক এবং যিনি কোটি কোটি ব্রহ্মাদির ঈশ্বর ও কোটি কোটি অদ্বৈত বাদির শিরোমণি সেই শ্রীশ্রীশচীনন্দন জয় যুক্ত হউন ॥ ১০৩ ॥

দূর শূন্য, শুষ্ক জ্ঞান ও নিত্য নৈমিত্তিক কর্ম্মাদির আগ্রহ রূপ অতিশয় কণ্টকাকীর্ণ, মিথ্যা বিষয় ভ্রান্তি জনক যে

সদ্যঃ প্রদ্যোতয়ং স্তং প্রকটিতমহিমা স্নেহবান্ হৃদ্গুহায়াঃ
কোপ্যন্তর্ধ্বান্তহন্তা স জয়তি নবদ্বীপদীপ্যৎ প্রদীপঃ॥১০৪
দূরাদেব দহন্ কুতর্কশলভান্ কোটীন্দুসংশীতলো
জ্যোতিঃ কন্দলসদ্মসম্মধুরিমা বাহ্যান্তরধ্বান্তহৃৎ।

র্জয়তি যস্তং প্রসিদ্ধং মার্গং সদ্যঃ প্রদ্যোতয়ন্ যো মার্গো দূরশ্চাসৌ শূন্যশ্চেতি সঃ যো বা বতাশ্চর্য্যে বলবন্তঃ কণ্টকাঃ শুষ্কজ্ঞাননিত্যনৈমিত্তিককর্ম্মাদ্যাগ্রহ-রূপাঃ যত্র সঃ অতএবাতি দুর্গঃ দুষ্প্রবেশনীয়ঃ যো বা মিথ্যাভূতেষর্থেষু ভ্রময়তীতি ভ্রামকঃ। অথ চ প্রেমরসময়ো য আনন্দ স্তং নিঃস্যন্দয়তি যঃ স প্রদীপরূপঃ স কিংভূতঃ প্রকটিতো মহিমা প্রভাবো যেন সঃ। হৃদেব গুহা তস্যা অন্তর্ধ্বান্তহন্তা তন্নাশকঃ। ধ্বান্তান্যন্ধকারাঃ পক্ষে অজ্ঞানাপ-রাধ কামক্রোধাদ্যসৎচেষ্টাদয়ঃ নন্থ তৈলাদিং বিনা কথং জ্বলতি প্রকাশতে বা তত্রাহ। স্নেহবান্ স্নেহঃ তৈলাদি পক্ষে প্রেমপরিপাকঃ নবদ্বীপ প্রকট-স্নেহ পূরিত প্রোজ্জ্বল প্রদীপরূপঃ শ্রীশচীনন্দনঃ কর্ম্মজ্ঞানাদ্যাগ্রহকণ্টকাদিকং দরয়িত্বা হৃত্তমোনাশয়িত্বা চ পরমপ্রেমানন্দরসপ্রকাশকোজয়তীত্যর্থঃ॥ ১০৪ ॥ রুচিদীপকরূপশচীতনুজঃ প্রিয়হৃত্তম আদিকনাশময়ঃ। নিজভাব চকাশন দীপ্তিচয়ো জয়তীহ মহামহিমাদিময়ঃ॥ ১০৪ ॥

পুনরদ্ভুতপ্রদীপত্বেনোৎকর্ষয়তি। দূরাদেবদহন্নিত্যাদি। স গৌরচন্দ্রো নবদ্বীপেঽদ্ভুতঃ প্রদীপরূপোজাজ্বলীতি। পক্ষে ভাবোদ্দীপ্ত্যা জগদন্তঃ

মার্গ, তাহাকে যিনি রসময় আনন্দ নিঃস্যন্দী রূপে উদ্দীপ্ত করিবার নিমিত্ত, হৃদয় গুহার অন্ধকার নাশক স্নেহ পূর্ণ উজ্জ্বল নবদ্বীপ দ্বীপ স্বরূপ সেই প্রভূত প্রভাবশালী গৌর হরি জয়যুক্ত হউন ॥ ১০৪ ॥

দূর হইতে কুতর্করূপ পতঙ্গদহনকারী, কোটি চন্দ্র অপেক্ষাও শীতল, জ্যোতিঃ সমূহের আবাস স্থান, অতিশয়

সস্নেহাশয়বর্ত্তিদিব্যবিসরত্তেজাঃ স্থবর্ণদ্যুতিঃ
কারুণ্যাদিহ জাজ্বলীতি স নবদ্বীপপ্রদীপোঽদ্ভুতঃ ॥ ১০৫
চিৎকারৈর্দশদিঙ্মুখং মুখরয়ন্নট্টট্টহাসচ্ছটা
বীচীভিঃ স্ফুটকুন্দকৈরবগণপ্রোদ্ভাসি কুর্ব্বন্নভঃ।

প্রকাশয়ন্ সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। অদ্ভুতত্বমাহ অন্যঃ প্রদীপঃ নিকটস্থান্ কীটান্ দহতি অয়ন্তু কুতর্কপতঙ্গান্ দূরাদেব দহন্। অন্যোদীপ স্তাপ কোঽয়ং পুনঃ কোটিসঙ্খ্যাতেন্দুভ্যঃ সম্যক্ শীতলঃ। জ্যোতিষাং কন্দলস্য সমূহস্য সদ্ম বসতিস্থানং। রাত্রিন্দিবং সমানত্বাৎ। সন্ অত্যুৎকৃষ্টো মধুরিমা মাধুর্য্যং যস্য স তস্য তু তাদৃশমাধুর্য্যাভাবাৎ। সত্বনাবৃতধ্বান্তহারী। অয়ন্তু বাহ্যান্তরয়োর্ধ্বান্তমন্ধকারং হরতি। স্নেহেন সহ বর্ত্তমানো য আশয়ঃ স এব বর্ত্তি শলাকা ততো দীব্যৎ বিসরৎ নির্গচ্ছত্তেজো যস্য সঃ স্থবর্ণকান্তিরিব কান্তির্যস্য সঃ। কারুণ্যাদ্ধেতো র্জাজ্বলীতি প্রকাশতে ॥ ১০৫ ॥ বিধু শীতল দূরদহোজ্জ্বলিত প্রিয়তাশয়বর্ত্তিমহোমহিতঃ। পরমাদ্ভুতদীপশচীতনয়ঃ সততং জ্বলতি প্রণয়াদিময়ঃ ॥ ১০৫ ॥

পুনরনুভাবসাত্ত্বিকৈঃ শোভামুৎকর্ষয়তি। চীৎকারৈর্দশদিঙ্মুখমিত্যাদি। গৌরহরিঃ শোভতে দিব্যসুধয়া সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। চীৎকারো হর্ষ বিষাদজন্যোৎকণ্ঠতালুব্যাপারিত স্বরবিশেষঃ। মুখরয়ন্ শব্দয়ন্ মুখর শব্দে প্রতিধ্বনয়ন্নিত্যর্থঃ। অট্টেতি সশব্দপ্রহাসকান্তিলহরীভিঃ স্ফুটঃ সবিকাসিতো

মধুর, বাহ্যাভ্যন্তরের অন্ধকার নাশক, সস্নেহ অন্তঃকরণ রূপ বর্ত্তিকা দ্বারা প্রজ্বলিত ও স্থবর্ণ কান্তি, শ্রীগৌরচন্দ্র করুণা বশতঃ এই রূপ অদ্ভুত প্রদীপ রূপে নবদ্বীপে জাজ্বল্যমান রহিয়াছেন ॥ ১০৫ ॥

শ্রীগৌরহরি চীৎকার ধ্বনি দ্বারা দশ দিক্ মুখরিত, অট্ট অট্ট অর্থাৎ সশব্দ প্রহাস কান্তির তরঙ্গে গগণ মণ্ডলকে কুন্দ

সর্ব্বাঙ্গং পবনোচ্চলচ্চলদলপ্রায়প্রকম্পং দধ
ন্মত্তঃ প্রেমরসোন্মদাপ্লুতগতির্গৌরোহরিঃ শোভতে॥১০৬
নির্দ্দোষশ্চারুনৃত্যোবিধুত মলিনতা বক্রভাবঃ কদাচি
ন্নিঃশেষ প্রাণিতাপত্রয়হরণমহাপ্রেমপীযূষবর্ষী।

যঃ কুন্দকৈরবাণাং গণ ইব তেন নভঃ প্রোদ্ভাসি পরমোজ্জ্বলং কুর্ব্বন্। পবনেনোচ্চলৎ যচ্চলদলং তৎপ্রায়ঃ কম্পো যত্র তদঙ্গং দধৎ। যতোমত্তঃ অতএব প্রেমরসেন য উদ্গতোমদো হর্ষবিশেষ স্তেনাপ্লুতা। কুন্দনরূপা গতির্যস্য সঃ॥ ১০৬॥ মুখরীকৃতচীৎকৃতি দিগ্বিদিশঃ প্রিয়তারসমুন্মদকুন্দযশঃ। ধ্বনিহাসমহোজ্জ্বল বিষ্ণুপদঃ পরিশোভিত ঈশবরোবরদঃ॥ ১০৬॥

পুনরদ্ভুতচন্দ্রত্বেনোৎকর্ষয়তি। নির্দ্দোষ ইত্যাদি। কোপ্যনির্ব্বচনীয় শ্রীগৌরচন্দ্রোভাতি। পরমোদ্দীপ্তিলহর্য্যা সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে অদ্ভুতত্বমাহ বিশেষণৈ নির্দ্দোষোনাস্তি দোষারাত্র্যপেক্ষা যস্য চারুমনোহরং নৃত্যং যস্য সঃ। বিধুতৌ মলিনতা বক্রভাবৌ যস্য সঃ। তদ্দর্শনমাত্রেণ মালিন্যকৌটিল্যাদি দূরীভবতীতি সূচিতং। নিঃশেষাণাং সর্ব্বেষাং প্রাণিনাং তাপত্রয়ং পঞ্চভূতেন্দ্রিয় দেবতাজন্যং তস্য হরণায় মহাপ্রেমামৃতং বর্ষিতুং শীলং যস্য সঃ। ভাগ্যানামুদয়ো যস্যাঃ সা রুচিরা পরমসুন্দরীচাসৌ শচীচেতি সা রুচিরশচী। ভাগ্যোদয়াচাসৌ রুচিরশচীচেতি সা তস্যা গর্ত্ত এব দুগ্ধাম্বুরাশিঃ সমুদ্রস্তস্মাদুদ্ভূতঃ ভক্তানাং হৃদয়ান্যেব চকোরা স্তৈঃ স্বাদিতাস্বাদিত

ও কুমুদ পুষ্পের ন্যায় ধবলিত তথা চলিত পত্র প্রায় প্রকম্পিত অঙ্গকে ধারণ করত প্রেমরস মদে উন্মত্ত হইয়া কুন্দন গতি দ্বারা বিরাজ করিতেছেন॥ ১০৬॥

রাত্র্যপেক্ষা রহিত, নিষ্কলঙ্ক বক্রভাব শূন্য, মনোহর নৃত্যকারী, সর্ব্ব প্রাণির তাপত্রয় হরণার্থ মহাপ্রেমবর্ষী এবং ভক্তগণের চিত্ত চকোর যাঁহার চরণ মাধুরী আস্বাদন করি-

উদ্ভূতঃ কোপি ভাগ্যোদয়রুচির শচীগর্ব্ভদুগ্ধাম্বুরাশৌ
ভক্তানাং হৃচ্চকোর স্বদিতপদরুচির্ভাতি গৌরাঙ্গচন্দ্রঃ॥১০৭
সিঞ্চন্ সিঞ্চন্নয়নপয়সা পাণ্ডুগণ্ডস্থলান্তং
মুঞ্চন্ মুঞ্চন্ প্রতিমুহুরহো দীর্ঘনিঃশ্বাসজাতং।
উচ্চৈঃ ক্রন্দন্ করুণকরুণোদ্গীর্ণ হাহেতি রাবো

পদরুচিঃ পদাম্বুজমাধুরী যস্য। পক্ষে পদং রশ্মিঃ চন্দ্রস্য রাত্র্যপেক্ষানৃত্যাভাবঃ কলঙ্কবক্রতাধ্যাত্মিকাদি তাপহরণাভাবাদেবাস্যাদ্ভুতত্বং তত্তদ্গুণ বৈশিষ্ট্যাৎ॥ ১০৭॥ স শচীজলধিজাত নিশাপতিদিনরাত্রি রুচির্নটরাজগতিঃ। নিজভক্তচকোর করস্থ পদঃ পরিভাতি জগত্রয়তাপনুদঃ॥ ১০৭॥

বিরহিণ্যা রাধিকায়াভাব মগ্নত্বানুভাবান্ দর্শয়ন্ তমুৎকর্ষয়তি। সিঞ্চন্ সিঞ্চন্নিত্যাদি। কোপি গৌরশ্চকান্তি সর্ব্বত্র নিজভাবং প্রকাশয়ন্ সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। ব্রজে বিরহিণী শ্রীরাধা তস্যা ভাবে মহাভাবামৃতজলধৌ মগ্নঃ সিঞ্চন্ সিঞ্চন্নিত্যাদিবীপ্সয়া মুদ্দীপ্তসাত্বিকভাবোদর্শিতঃ। নয়নাশ্রুজলেন পাণ্ডুগণ্ডস্থলান্তং ইত্যেক বচনেন বামগণ্ডস্থলপ্রান্তমিতি বোধ্যব্যং। বিরহিণ্যা বামহস্তোপরিস্থিতত্বাৎ। গণ্ডস্থলান্তাবিতি বা পাঠঃ। পাণ্ডুত্বেন বৈবর্ণ্যমুক্তং। দীর্ঘানাং নিঃশ্বাসানাং জাতং সমূহং প্রতিমুহুঃ মুহুর্ম্মুহুঃ মুঞ্চন্ মুঞ্চন্। উচ্চৈর্যথা স্যাত্তথা ক্রন্দন্ রুদন্। করুণাদপি করুণঃ অতিকরুণা

তেছে, সেই অদ্ভুত শ্রীগৌরচন্দ্র শচীগর্ব্ভ রূপ দুগ্ধ সমুদ্রে উৎপন্ন হইয়া প্রকাশ পাইতেছেন॥ ১০৭॥

যিনি শ্রীরাধার মহাভাবামৃত জলনিধিতে নিমগ্ন হইয়া নয়ন জল দ্বারা পাণ্ডুবর্ণ গণ্ড স্থলের প্রান্তভাগকে সেচন করিতেছেন, যিনি বারম্বার দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ করিতেছেন এবং যিনি করুণা সূচক হা হা রবে উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতেছেন, এতাদৃশ কোন অনির্ব্বচনীয় শ্রীগৌরহরি

গৌরঃ কোপি ব্রজবিরহিণীভাবমগ্নশ্চকাস্তি ॥ ১০৮ ॥
বিভ্রদ্বর্ণং কিমপি দহনোত্তীর্ণসৌবর্ণ সারং
দিব্যাকারং কিমপি কলয়ন্ দৃপ্তগোপালবালঃ।
আবিস্কুর্ব্বন্ ক্বচিদবসরে তত্তদাশ্চর্য্যলীলাং
সাক্ষাদ্রাধামধুরিপুবপু র্ভাতি গৌরাঙ্গচন্দ্রঃ ॥ ১০৯ ॥
অথ অবতার মহিমা ॥

রসসূচকঃ উদ্গীর্ণো হা হেতি রাবো যস্য ॥ ১০৮ ॥ নয়নাশ্রু জলাপ্লুতগণ্ডযুগঃ কলিতশ্বসন ব্রজ হারবণঃ। বিরহার্ত্তি সখী রতিমগ্নতরঃ পরিভাতিচ কোপি সুগৌরবরঃ ॥ ১০৮ ॥

পরমদিব্যরূপোল্লাসেন রাধামাধবয়োরেকীভূত বপুষঃ শ্রীগৌরহরেরুৎকর্ষমুপসংহরতি বিভ্রদ্বর্ণমিত্যাদি। গৌরাঙ্গচন্দ্রো ভাতি পরমশোভোৎকর্ষেণ বর্ত্ততে। কিম্ভূতঃ দহনাদুত্তীর্ণঃ সুবর্ণসম্বন্ধী সারো যত্র তথাভূতং কিমপি বর্ণং বিভ্রৎ। পুনঃ কিম্ভূতঃ দৃপ্ত উদ্দীপ্তরূপঃ গোপালবালঃ সন্ কিমপি দিব্যাকারং চিন্ময়বিগ্রহং কলয়ন্ ক্বচিদবসরে তামতি চমৎকারকারিণীং গোপাল-কৈশোরলীলাং আবিস্কুর্ব্বন্ প্রকটয়ন্ সাক্ষাদ্রাধামাধবয়োর্বপু র্যত্র সঃ। সাক্ষাত্তয়োরেকীভূত শরীরত্বাৎ ॥ ১০৯ ॥ বৃষভানুসুতা বপুরেকতনুঃ কনকোজ্জ্বলভা জিতপুষ্পধনুঃ। কৃতগোপকুমার বিলাসভরঃ পরিভাতি বিধূজ্জ্বলগৌরবরঃ ॥ ১০৯

॥ * ॥ শ্রীচৈতন্যচন্দ্রামৃতে শ্রীচৈতন্যোৎকর্ষ দশপদ্যাত্মকোনাম নবমো-বিভাগঃ ॥ * ॥

সর্ব্বোৎকর্ষ রূপে বিরাজ করিতেছেন ॥ ১০৮ ॥

দাহোত্তীর্ণ সুবর্ণ বর্ণ পরম সুন্দরাকৃতি শ্রীগৌরচন্দ্র গোপাল বাল লীলা প্রকাশ করিয়া শ্রীরাধা মাধবের একীভূত বিগ্রহ রূপে পরম শোভায় শোভিত হইয়া বিরাজকরিতেছেন ॥ ১০৯

॥ * ॥ ইতি শ্রীচৈতন্যোৎকর্ষ দশপদ্যাত্মক নবম বিভাগ ॥ * ॥

অথ অবতার মহিমা ॥

অকস্মাদেবাবির্ভবতি ভগবন্নামলহরী
পরীতানাং পাপৈরপি পুরুভিরেষাং তনুভৃতাং।
অহোবজ্রপ্রায়ং হৃদপি নবনীতায়িতমভূ
ন্নৃণাং লোকে যস্মিন্নবতরতি স গৌরো মম গতিঃ॥১১০॥
ন যোগো ন ধ্যানং নচ জপতপস্ত্যাগনিয়মা

ইদানীং শ্রীচৈতন্যাবতার মহিমানং দর্শয়িতুং প্রকরণমারভতে। এক বিংশত্যাপদ্যৈরথাবতার মহিমেতি। অত্র প্রথমং ভগবন্নামাবির্ভাবং অতি কঠিনহৃদয়ানাং দ্রবীভাবঞ্চ দর্শয়ন্নবতারমহিমানমবতারয়তি। অকস্মাদিত্যাদি। স গৌরো মম গতির্গম্যঃ যস্মিন্ গৌরহরৌ নৃণাং লোকে প্রপঞ্চ গোচরে লোকেঽবতরতি সতি মহদ্ভিঃ পাপৈর্ব্যাপ্তানাং তনুভৃতাং সম্বন্ধে ভগবতঃ স্বয়ং ভগবতঃ শ্রীকৃষ্ণস্য নাম্নাং লহরী হরেকৃষ্ণ ইত্যাদীনাং পরিপাটী অকস্মাদেবাবির্ভবতি প্রাকট্যং প্রাপ্নোতি অহো আশ্চর্য্যং কোবা গৌরাবতারস্য মহিমা বক্তব্যো যেনৈতেষাং বজ্রপ্রায়মতিকঠিনং হৃদপি নবনীতায়িতং স্নেহেন দ্রবীভূতমভূৎ॥১১০॥ যস্মিন্ গৌরেঽবতীর্ণে প্রাক্ হরেকৃষ্ণেতি বর্ণকাঃ। আবিঃ স্যুশ্চিত্তকৌমল্যং স্যাৎ শ্রীগৌরঃ স মে গতিঃ॥ ১১০॥

সাধনমাত্ররহিতানাং নিষিদ্ধাদ্যাসক্তানামপি প্রেমালাভাত্তদবতারমহিমানমুল্লাসয়তি। ন যোগোনধ্যানমিত্যাদি। দয়াসার হৃদয়ে চৈতন্যেঽবত-

---

যিনি মনুষ্য লোকে অবতীর্ণ হইলে সুমহৎ পাপ লিপ্ত মানব গণের সম্বন্ধে স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের নাম লহরী অর্থাৎ হরেকৃষ্ণ হরেকৃষ্ণ ইত্যাদি নাম পরিপাটী সহসা আবির্ভূত হইয়াছে এবং ঐ পাতকিদিগের বজ্র তুল্য কঠিন হৃদয় নবনীতের ন্যায় স্নেহে দ্রবীভূত হইয়াছে। সেই গৌরহরি আমার গতি ॥ ১১০ ॥

অকস্মাৎ সদয় হৃদয় শ্রীচৈতন্য দেব অবতীর্ণ হইলে

ন বেদা নাচারঃ ক্ব নু বত নিষিদ্ধাদ্যুপরতিঃ।
অকস্মাচ্চৈতন্যেঽবতরতি দয়াসারহৃদয়ে
পুমর্থানাং মৌলিং পরমিহ মুদা লুণ্ঠতি জনঃ ॥ ১১১ ॥
মহাকর্ম্মস্রোতো নিপতিতমপি স্থৈর্য্যময়তে
মহাপাষাণেভ্যো প্যতিকঠিনমেতি দ্রবদশাং।

রতি সতি যস্য জনস্য যোগাদয়ো ন সন্তি নিষিদ্ধাদৌ পাপাদিকর্ম্মণি বত খেদে ক্ব উপরতি নিবৃত্তিস্তত্র তত্রাতিশয়রতি রিত্যর্থঃ। স জনঃ পুমর্থানাং মৌলিং প্রেমাণং পরমুৎকৃষ্টং ইহ সংসারে মুদা হর্ষেণ লুণ্ঠতি বলাৎকারেণ গৃহ্লাতি বতেত্যত্রৈবান্বিতং আশ্চর্য্যার্থং কিমাশ্চর্য্যমেবংভূতস্যাপি তাদৃক্ প্রেমলাভঃ কোঽবতারমহিমা ॥ ১১১ ॥ নাস্তি যোগাদিকং যস্য নিষিদ্ধাচরণং সদা। লুণ্ঠতি প্রেমরত্নং স গৌরেঽবতরতি প্রভৌ ॥ ১১১ ॥

তদবতারেণ সর্ব্বেষামন্যানি সাধনানি বিঘটয্য তৎপ্রেমসাধনমেব স্থাপিতমিতি তদবতারমহিমানং প্রকটয়তি। মহা কর্ম্মস্রোত ইত্যাদি। ভুবি শ্রীচৈতন্যেঽবতরতি সতি চিত্রমাশ্চর্য্যং বিভবো যস্য তস্মিন্। কর্ম্মিণাং মনঃ মহাকর্ম্মরূপেষু স্রোতঃসু প্রবাহেষু পতিতমপি স্থৈর্য্যময়তে তৎপ্রেমাণং

যাহাদিগের যোগ, ধ্যান, জপ, তপ, দান, ব্রত, বেদাধ্যয়ন, ও সদাচার, প্রভৃতি কিছুমাত্র ছিল না, পাপ কর্ম্মে নিবৃত্তির কথা আর কি কহিব, এই সংসারে তাহারাও হৃষ্টচিত্ত হইয়া পরম পুরুষার্থের শিরোভূষণ প্রেমানন্দ লাভ করিতেছে, ইহার আশ্চর্য্য এই যে, এরূপ প্রেম লাভ আর কোন অবতারেই হয় নাই ॥ ১১১ ॥

ভূমণ্ডলে শ্রীচৈতন্যদেব অবতীর্ণ হইলে কর্ম্মিদিগের মন মহা কর্ম্মরূপ স্রোতে নিপতিত হইয়াও স্থৈর্য্য প্রাপ্ত হই-

নটত্যূর্দ্ধং নিঃসাধনমপি মহাযোগিমনসাং
ভুবি শ্রীচৈতন্যেঽবতরতি মনশ্চিত্রবিভবে ॥ ১১২ ॥
স্ত্রী পুত্রাদিকথাং জহুর্ব্বিষয়িণঃ শাস্ত্রপ্রবাদং বুধা
যোগীন্দ্রা বিজহুর্ম্মরুন্নিয়মজক্লেশং তপ স্তাপসাঃ।

প্রাপ্য স্থিরীভূতং। মহাপাষাণেভ্যোঽকর্ম্মশিলাভ্যোঽতিশয়কঠিনমপি মনঃ দ্রবদশামেতি প্রাপ্নোতি প্রেমদ্রবীভূতং ভবতি। মহাযোগিমনসা মহাযোগ যুক্তমপি। মহাযোগমনসামিতিপাঠে মহাযোগে মনো যেষাং। মনঃ নিঃ সাধনং যোগাদ্বিরতং সদূর্দ্ধং নটতি প্রেমরসেন প্রফুল্লিতং ভবতি। এতে নাবতারস্য মহিমোক্তঃ ॥১১২॥ ত্যক্তকর্ম্মাগ্রহঃ কর্ম্মশীলা হৃদ্রবতাং গতং। নট-ত্যূর্দ্ধং যোগিমনো গৌরে প্রকটতাং গতে ॥ ১১২ ॥

বিষয়িণো দার্শনিকা যোগীন্দ্রা স্তাপসা যতয়শ্চৈতন্যাবতারে স্বস্ব মতং ত্যক্ত্বা ভক্তিরসমাত্রৈক নিষ্ঠা অভবন্নিত্যাহ। স্ত্রীপুত্রাদীত্যাদি। চৈতন্যচন্দ্রে পরাং নিগূঢ়প্রেমলক্ষণানুভাবিকাং ভক্তিযোগস্য পদবীং রাগা নুগীয়মার্গং আবিস্কুর্ব্বতি প্রাকট্যমানীতে সতি বিষয়িণঃ প্রাকৃতবিষয় চেষ্টা বন্তঃ স্ত্রীপুত্রাদিকথাং জহুস্ত্যক্তবন্তঃ। বুধাঃ ষাড়দর্শনিকা আলঙ্কারিকাশ্চ শাস্ত্রাণাং প্রবাদং প্রকৃষ্ট বিচারং যোগীন্দ্রা আরূঢ়যোগা মরুন্নিয়মঃ পবনবশী করণং তজ্জন্য ক্লেশং জহুঃ। তাপসাস্তপে দেহেন্দ্রিয়ক্লেশং জহুঃ। যতয়ো

তেছে এবং মহা পাষাণ অর্থাৎ অকর্ম্ম রূপ শিলা সমূহ হইতেও কঠিন মন প্রেম দ্বারা দ্রবীভূত হইতেছে, অপর যোগিদিগের মনও যোগ হইতে বিরত হইয়া প্রেম রসে প্রফুল্লিত হইতেছে ॥ ১১২ ॥

শ্রীচৈতন্যচন্দ্র পরম ভক্তিযোগ পদবী অর্থাৎ রাগানুগীয় মার্গ প্রকাশ করিলে পর, অন্য কোন রসই দেখিতে পাওয়া যায় না, যে হেতু বিষয়াসক্ত ব্যক্তিরা স্ত্রী পুত্রাদির কথা,

জ্ঞানাভ্যাসবিধিং জহুশ্চ যতয় শ্চৈতন্যচন্দ্রে পরা
মাবিস্কুর্ব্বতি ভক্তিযোগপদবীং নৈবান্য আসীদ্রসঃ॥ ১১৩
অভূদ্গেহে গেহে তুমুল হরিসংকীর্ত্তনরবো
বভৌ দেহে দেহে বিপুল পুলকাশ্রু ব্যতিকরঃ।
অপি স্নেহে স্নেহে পরমমধুরোৎকর্ষপদবী

জ্ঞানিনঃ জ্ঞানাভ্যাস বিধিং নির্ব্বেদ ব্রহ্মানুসন্ধানং জহুঃ। বিষয়িপ্রভৃতয়ঃ স্বস্ব সাধনং ত্যক্ত্বা রাগানুগীয় ভক্তিরস এব মগ্না বভূবুরিত্যাহ নৈবান্য আসীদ্রস ইতি তাদৃশ ভক্তিরসং বিনান্যো বিষয়াদি রসো নাস্তীত্যর্থঃ॥ ১১৩॥ বিষয়ী বুধ যোগীন্দ্র যতয়স্তাপসা অপি। জহুঃ স্বং সাধনং ভক্ত্যা চৈতন্যে প্রকটং গতে॥ ১১৩॥

সর্ব্বত্রোন্নয়নানুভাব সাত্বিকপ্রচারকত্বেন শ্রুতিবিপ্রকৃষ্ট স্নেহপরম মধুরোৎকর্ষপদবী প্রকটত্বেন চাবতার মহিমানং প্রোদ্ঘাটয়তি। অভূদ্গেহে গেহে ইত্যাদি। জগতি ইহ লোকে গৌরহরৌ প্রাকট্যং প্রপ্তে সতি গেহে গেহে সর্ব্বত্র প্রতিগৃহং তুমুলোত্যুচ্চৈঃ শ্রীকৃষ্ণসংকীর্ত্তনরবোঽভূৎ। এবং প্রতি শরীরে বিপুলানাং পুষ্টানাং রোমাঞ্চানাং নেত্রজলানাঞ্চ ব্যতিকরঃ সমূহো বভৌ শোভতে স্নেহে স্নেহে পরমা চ মধুরা চ যা উৎকর্ষপদবী শ্রুতেরপি দবীয়সী দূরতরা যদবতারে সাপি সর্ব্বত্র প্রকটীভূতা স্নেহঃ পরিপাকঃ॥ ১১৪
কৃষ্ণসংকীর্ত্তনং গেহে দেহেচ পুলকাদয়ঃ। স্নেহেপ্যুৎকর্ষতা গৌরেঽবতীর্ণে

পণ্ডিতেরা শাস্ত্র বিচার, যোগিরা প্রাণায়ামাদিতে বায়ু বশীকরণ জন্য ক্লেশ, তাপসেরা তপো জন্য ক্লেশ এবং যতিরা জ্ঞানাভ্যাস বিধি অর্থাৎ নির্ব্বেদ ব্রহ্মানুসন্ধান পরিত্যাগ করিয়াছেন॥ ১১৩॥

ইহ লোকে গৌরহরি অবতার হইলে প্রতি গৃহই হরি সঙ্কীর্ত্তন রবে পূর্ণ, প্রতি দেহই বিপুল রোমাঞ্চ ও প্রেমাশ্রুধারায় শোভিত এবং বেদের অগোচর মধুর হইতেও মধুর

দবীয়স্যাম্নায়াদপি জগতি গৌরেঽবতরতি ॥ ১১৪ ॥
অকস্মাদেবৈতদ্ভুবনমভিতঃ প্লাবিতমভূৎ
মহাপ্রেমাম্ভোধেঃ কিমপি রসবন্যাভিরখিলং।
অকস্মাচ্চাদৃষ্টাশ্রুতচর বিকারৈরলমভূৎ
চমৎকারঃ কৃষ্ণে কনকরুচিগৌরাঙ্গেঽবতরতি ॥ ১১৫ ॥
উদ্গৃহ্ন্তি সমস্ত শাস্ত্রমভিতো দুর্ব্বারগর্ব্বায়িতা

শ্রুতিদুষ্করা ॥ ১১৪ ॥

পরমপ্রেমরসাম্বুধিবন্যা ভুবনপ্লাবকত্বেন তদ্বিকার চমৎকারকত্বেন তদবতারমহিমানং প্রকটয়তি অকস্মাদেবৈতদ্ভুবনমিত্যাদি। কৃষ্ণে সর্ব্বাকর্ষক চিদানন্দময় স্বয়ং ভগবতি কনকেভ্যোপি রুচিরাণি মনোরমাণ্যঙ্গান্যস্য শ্রীরাধিকাস্বরূপত্বাৎ তস্মিন্নবতরতি মহাপ্রেমাম্ভোধে রসবন্যাভিরেতদ্ভুবন মখিলমভিতঃ সর্ব্বতোঽকস্মাদপি প্লাবিতং পূর্ণমভূৎ। এবম কস্মাচ্চাদৃষ্টৈরশ্রুত পূর্ব্বৈশ্চ প্রেমবিকারৈরলমত্যর্থং চমৎকারো ঽভূৎ সর্ব্বভুবনস্থানামিতি শেষঃ ১১৫ ॥ কৃষ্ণেঽবতীর্ণে গৌরাঙ্গে প্লাবিতং ভুবনং রসৈঃ। প্রেমাম্বুধের্ব্বিকারৈশ্চ পরমাশ্চর্য্যমপ্যভূৎ ॥ ১১৫ ॥

অতিদুর্ল্লভপ্রেমবস্তুনঃ সর্ব্বজনসাধারণ প্রাপকত্বেনাবতারমহিমানমুল্লাস

প্রেম পথ প্রকাশিত হইয়াছে ॥ ১১৪ ॥

